# শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়)

# স্মার্ট প্যানেল ইউজার ম্যানুয়াল

## সুচিপত্র

### প্রথম ভাগঃ সাধারণ পরিচিতি


| আলোচ্য বিষয় | পৃষ্ঠা নং |
| --- | --- |
| Touch (টাচ) | ৭ |
| Display (ডিসপ্লে) | ৮ |
| Front control panel (সামনের কন্ট্রোল প্যানেল) | ৮ |
| Remote control and infrared sensor (রিমোট কন্ট্রোল এবং ইনফ্রারেড সেন্সর) | ৮ |
| Ambient light sensor (আলোর সেন্সর) | ৮ |
| Power status (পাওয়ার এর অবস্থা নির্দেশক) | ৯ |
| Writing, drawing, and erasing (লেখা, অংকন ও মুছে ফেলা) | ৯ |
| Audio (অডিও/সাউন্ড সিস্টেম) | ১০ |
| Network connectivity (নেটওয়ার্ক সংযোগ) | ১০ |
| Room computers and guest laptops (রুম কম্পিউটার এবং গেস্ট ল্যাপটপ) | ১১ |
| Tools and features (টুলস এবং তার ফিচারসমুহ) | ১১ |
| Accessory slot (এক্সেসরি স্লট) | ১১ |


### দ্বিতীয় ভাগঃ সাধারণ পরিচিতি ও তার ব্যবহার


| আলোচ্য বিষয় | পৃষ্ঠা নং |
| --- | --- |
| সামনের কন্ট্রোল প্যানেল-এর ব্যবহার | ১৩ |
| রিমোট কন্ট্রোল-এর ব্যবহার | ১৫ |
| অন-স্ক্রীন মেনু-সমগ্র এবং তার নিয়ন্ত্রণ-এর নিয়মাবলী | ১৮ |
| Connection status icons (সংযোগ-এর বর্তমান অবস্থা প্রদর্শনকারী আইকনসমূহ) | ১৯ |
| Whiteboard (হোয়াইটবোর্ড) | ১৯ |

| | |
|---|---|
| Browser (ব্রাউজার) | ১৯ |
| Apps menu (অ্যাপস মেনু) | ২০ |
| Side Toolbar (সাইড টুলবার) | ২০ |
| Bottom Toolbar (নিচের টুলবার) | ২১ |
| Floating Toolbar (ভাসমান টুলবার) | ২২ |
| টাচ করে কিভাবে কাজ করবেন? | ২৪ |
| লেখা, অঙ্কন, এবং মুছে ফেলা | ২৪ |
| SMART Ink ডাইনামিক টুলবার-এর ব্যবহার | ২৮ |
| স্ক্রিন ফ্রিজ বা স্থির করা | ২৯ |


## তৃতীয় ভাগঃ অ্যাপস ব্যবহার


| আলোচ্য বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|
| ব্রাউজার অ্যাপ ব্যবহার | ৩১ |
| হোয়াইটবোর্ড অ্যাপ ব্যবহার | ৩১ |
| কিভাবে একটি নতুন হোয়াইটবোর্ড চালু করবেন? | ৩৪ |
| ব্যাকগ্রাউন্ড পরিবর্তন | ৩৫ |
| হোয়াইটবোর্ড পেইজটি অন্যান্য ডিভাইসে শেয়ার করা | ৩৫ |
| হোয়াইটবোর্ড হতে যে কোনো নোট শেয়ার | ৩৬ |
| হোয়াইটবোর্ড সংরক্ষণ বা সেইভ করা | ৩৬ |
| সংরক্ষিত বা সেইভ করা হোয়াইটবোর্ড কিভাবে ব্যবহার করবেন? | ৩৭ |
| ওভারলে টুল-এর ব্যবহার | ৩৭ |
| EShare অ্যাপ | ৪০ |
| iMirror-এর ব্যবহার | ৪৫ |
| WPS অফিস | ৪৭ |
| ভোট/ Vote | ৪৮ |
| ফাইল ম্যানেজার-এর ব্যবহার | ৪৯ |




## চতুর্থ ভাগঃ উইজেট ব্যবহার


| আলোচ্য বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|
| উইজেট আইকন পরিচিতি | ৫৫ |
| ক্লিন উইজেট-এর ব্যবহার | ৫৬ |
| কাউন্টডাউন উইজেট ব্যবহার | ৫৬ |
| স্ক্রিন ক্যাপচার উইজেট ব্যবহার | ৫৮ |
| স্পটলাইট উইজেট ব্যবহার | ৬০ |
| ক্যালকুলেটর টুল ব্যবহার | ৬১ |
| ভোট উইজেট ব্যবহার | ৬২ |
| লক স্ক্রিন ব্যবহার | ৬২ |


## পঞ্চম ভাগঃ স্মার্ট নোটবুক-এর ব্যবহার


| আলোচ্য বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|
| স্মার্ট নোটবুক পরিচিতি ও ব্যবহার | ৬৪ |

# সূচনা

এই গাইড বইটি মূলত শিক্ষকদের ট্রেনিং প্রদানের পাশাপাশি একটি সহায়ক হিসেবে কাজ করবে। এই সহায়ক গাইডটি প্রশিক্ষণের পরবর্তীতে শিক্ষকদের যেকোনো মুহূর্তে স্মার্ট ইন্টারেক্টিভ ডিসপ্লে পরিচালনায় সর্বাত্মক সহায়তা প্রদান করবে। বইটি শুরু থেকে শেষ পর্যন্ত প্রতিটি বিষয়ে বর্ণনা করা হয়েছে। জটিল বিষয়গুলোকে বুঝানোর সুবিধার্থে যুক্ত করা হয়েছে প্রচুর ছবি ও তাদের বিশদ পরিচিতি। সম্পূর্ণ আধুনিক প্রযুক্তিনির্ভর ডিজিটাল শিক্ষার মাধ্যম হয়তো অনেকের কাছে নতুন এবং সেই সূত্রে বিষয়বস্তুসমূহ কঠিন বলে মনে হতে পারে সেটি মাথায় রেখেই সহায়িকার প্রতিশব্দ, প্রতিটি বিষয়কে অত্যন্ত সহজ ও প্রাণবন্ত করে উপস্থাপন করা হয়েছে।



# প্রথম ভাগঃ
# সাধারন পরিচিতি

# SMART Board GX

SMART Board GX সিরিজ-এর ডিসপ্লে প্যানেল আপনাকে ইন্টারঅ্যাক্টিভ ভাবে কাজ করার জন্য প্রয়োজনীয় সবকিছু দিয়ে থাকে। এই ডিসপ্লেটিতে প্রচুর ফিচার এবং শিক্ষা প্রদানে সহকারী অনেক জিনিস আছে।




চিত্র ১-- সম্পুর্ন চালু অবস্থায় ডিসপ্লে প্যানেল ও তার ফাংশন সমূহ ।

## Touch (টাচ)

আপনি একটি স্বাভাবিক কম্পিউটারের মতোই এই ডিসপ্লেতে সকল কার্যক্রম গুলো পরিচালনা করতে পারবেন। যে কোন এপ্লিকেশন খোলা বা বন্ধ করা, অন্যদের সাথে শেয়ার করা, নতুন ফাইল তৈরি করা বা বিদ্যমান ফাইলগুলোকে নতুনভাবে সম্পাদনা করা, ওয়েবসাইট দেখা বা পরিচালনা করা, ভিডিও চালানো এবং সেগুলোর উপর বিভিন্ন ধরনের কাজ করা সহ আরো অনেক ধরনের কাজেই এই SMART Board GX ডিসপ্লে ব্যবহার করে আপনারা করতে পারেন। শুধুমাত্র ডিসপ্লেতে টাচ করেই এ সমস্ত কার্যক্রম সম্পাদন করতে পারবেন।



## Display (ডিসপ্লে)

4K আল্ট্রা-হাই-ডেফিনিশন এর এই LED ডিসপ্লে সর্বোত্তম ছবির স্পষ্টতা এবং সর্বোচ্চ কোণ থেকে দেখার সুবিধা প্রদান করে।

| মডেল | আকার (তির্যক/কোনাকুনি) | স্পটভাবে দেখার সর্বোচ্চ কোন |
|---|---|---|
| SBID-GX165 | ৬৫" | ১৭৮ ° |

## Front control panel (সামনের কন্ট্রোল প্যানেল)

ডিসপ্লেটির সামনে ডানদিকে নিচের কর্ণারে একটি কন্ট্রোল প্যানেল আছে। কন্ট্রোল প্যানেলে অবস্থিত বাটনগুলো ডিসপ্লেটি চালু এবং বন্ধ করা, ভলিউম নিয়ন্ত্রণ করা, ডিসপ্লেটির সেটিংস এ প্রবেশ করা, হোমস্ক্রীন এ যাওয়া সহ বিভিন্ন প্রকার কাজে ব্যবহার করা হয়।

## Remote control and infrared sensor (রিমোট কন্ট্রোল এবং ইনফ্রারেড সেন্সর)

আপনি ডিসপ্লে চালু এবং বন্ধ করতে, ডিসপ্লে সেটিংস ঠিক করতে এবং অ্যাপ্লিকেশনগুলি দ্রুত খুলতে রিমোট কন্ট্রোল ব্যবহার করতে পারেন।

ডিসপ্লের ইনফ্রারেড সেন্সরটি ডিসপ্লের ফ্রেমের নীচে-ডান কোণে অবস্থিত।

## Ambient light sensor (আলোর সেন্সর)

আলোর সেন্সরটি ডিসপ্লের ফ্রেমের নীচে-ডানদিকে অবস্থিত ইনফ্রারেড সেন্সর এর সাথে থাকে। এই আলো সেন্সর ঘরের উজ্জ্বলতা সনাক্ত করে এবং সেই অনুযায়ী ডিসপ্লের উজ্জ্বলতা বজায় রাখার চেষ্টা করে। যাতে করে একটি ঘরে অবস্থানরত সকলের ডিসপ্লেটি দেখতে কোনো সমস্যা না হয়।

## Power status (পাওয়ার এর অবস্থা নির্দেশক)

আলোর রঙ পাওয়ার এর বর্তমান অবস্থা নির্দেশ করে:

| পাওয়ার বাটন | প্রদর্শনকৃত অবস্থা নির্দেশক |
|---|---|
| বাতি বন্ধ থাকা | পাওয়ার গ্রহণ না করা বা পাওয়ার এর সাথে সংযুক্ত না থাকা। |
| লাল বাতি (স্থির) | স্ট্যান্ডবাই অবস্থা নির্দেশ করে |
| লাল বাতি (ঝলকানি) | ফার্মওয়ার আপডেট এর অগ্রগতি নির্দেশ করে |
| সবুজ বাতি | স্বাভাবিক অপারেটিং মোড বা চালু অবস্থা। |

## Writing, drawing, and erasing (লেখা, অঙ্কন, এবং মুছে ফেলা)

ডিসপ্লেটির কন্ট্রোল প্যানেলের বাম পাশে মাঝামাঝি অংশে একটি ম্যাগনেটিক হোল্ডারে দুটো কলম রাখা থাকে । এই কলমগুলো আপনাকে স্ক্রিনে লিখতে বা কোনো কিছু আঁকতে সহায়তা করে । একটি দুটি প্রান্ত ভিন্ন রঙে লিখার জন্য সেট করা যেতে পারে । সাধারণত কলমটির সামনের বা চিকোন অংশ দিয়ে কালো রঙের এবং পেছনের মোটা অংশ দিয়ে লাল রংয়ের লেখা হয়ে থাকে । পরবর্তীতে এই ডিজিটাল বোর্ডের উপরে হাতের মুষ্টি অথবা তালু দিয়ে ঘষে ঘষে সম্পূর্ণ ডিজিটাল কালি মুছেও ফেলা যায় ।



## Audio (অডিও/সাউন্ড সিস্টেম)

ডিসপ্লের সামনে ম্যাগনেটিক হোল্ডারের দুই পাশে দুটি ১৫ ওয়াট ইন্টিগ্রেটেড স্পিকার রয়েছে, যা একটি স্ট্যান্ডার্ড সাইজের ঘরে স্পষ্ট শব্দ প্রদান করার জন্য ডিজাইন করা হয়েছে। যেকোনো প্রকার ভিডিও স্পষ্ট ছবি এবং শব্দের সাথে দেখা খুব সহজে দেখা যাবে।

## Network connectivity (নেটওয়ার্ক সংযোগ)

সফটওয়্যার এবং ফার্মওয়্যার আপডেট বা ডাউনলোড করার জন্য ডিসপ্লেটিতে নেটওয়ার্ক এবং ইন্টারনেট সংযোগ প্রয়োজন। সংযোগকারি এই সকল পোর্ট ডিসপ্লে প্যানেলের বাম পাশে অবস্থিত।

আপনি Wi-Fi বা একটি ইথারনেট কেবল ব্যবহার করে একটি নেটওয়ার্কের সাথে ডিসপ্লেটি সংযোগ করতে পারেন।

- Wi-Fi মডিউল ২.৪ এবং ৫ GHz উভয় ব্যান্ড সমর্থন করে।
- দুটি RJ45 জ্যাক আপনাকে ডিসপ্লে এবং একটি বাহ্যিক ডিভাইস, যেমন একটি কম্পিউটার, একটি ইথারনেট নেটওয়ার্কের সাথে সংযোগ করার সুযোগ করে দেয়।

## Front connector panel (সামনের সংযোগকারী প্যানেল)

সামনে নিচ-বাম পাশে কিছু সংযোগকারী পোর্ট আছে। সামনের সংযোগকারী বার-এ USB পোর্ট এবং একটি কম্পিউটার বা অন্যান্য ইনপুট পোর্ট রাখা হয়েছে।

## **Room computers and guest laptops** (রুম কম্পিউটার এবং গেস্ট ল্যাপটপ)

আপনি রুম কম্পিউটার এবং গেস্ট ল্যাপটপ ডিসপ্লেতে সংযোগ করতে পারেন এবং সেই কম্পিউটার বা ল্যাপটপ আপনার ডিসপ্লেতে দেখতে পারবেন এবং টাচ করে ব্যবহারও করতে পারেন।

আপনি ডিসপ্লের ফিচারগুলোর সম্পূর্ণ সুবিধা নিতে সংযুক্ত অন্যান্য কম্পিউটারে SMART-এর সফ্টওয়্যার সমূহ ইনস্টল করতে পারেন। এতে করে আপনি বাইরের যে কোনো ল্যাপটপ বা কম্পিউটার খুব সহজে এবং সাচ্ছন্দে ডিসপ্লেতে ব্যবহার করতে পারবেন।

## **Tools and features** (টুলস এবং তার ফিচারসমুহ)

ডিসপ্লের অ্যান্ড্রয়েড কম্পিউটিং এমনকিছু অ্যাপস প্রদান করে যা আপনাকে ইন্টারনেট এর মাধ্যমে ওয়েব ব্রাউজ করতে, একটি হোয়াইটবোর্ড ব্যবহার করতে, আপনার স্ক্রিন শেয়ার করতে এবং আরও অনেক কিছু করতে আপনাকে সহায়তা করবে।

## **Accessory slot** (এক্সেসরি স্লট)

এই স্লটটিতে একটি অপশনাল পিসি স্থাপন করে ব্যবহার করা যাবে। সাধারনত এই পিসি তে Windows 10 Pro দেওয়া থাকে।




# দ্বিতীয় ভাগঃ
# সাধারন পরিচিতি ও তার ব্যবহার

## সামনের কন্ট্রোল প্যানেল-এর ব্যবহার

ডিসপ্লেটির সামনে ডানদিকে নিচের কর্ণারে একটি কন্ট্রোল প্যানেল আছে । কন্ট্রোল প্যানেলে অবস্থিত বাটনগুলো ডিসপ্লেটি চালু এবং বন্ধ করা, ভলিউম নিয়ন্ত্রণ করা, ডিসপ্লেটির সেটিংস এ প্রবেশ করা, হোমস্ক্রীন এ যাওয়া সহ বিভিন্ন প্রকার কাজে ব্যবহার করা হয়।

সামনের কন্ট্রোল প্যানেলে একটি LED লাইট রয়েছে যা ডিসপ্লের বর্তমান অবস্থা নির্দেশ করে।






| ক্রমিক নং | নাম | পদ্ধতি |
|---|---|---|
| ১ | স্ট্যাটাস লাইট, রিমোট কন্ট্রোল রিসিভার এবং অ্যাম্বিয়েন্ট লাইট সেন্সর | ১. প্রযোজ্য নয় |
| ২ | হোম বাটন | ১. হোম স্ক্রিনে ফিরে যান। |
| ৩ | পেছনে যাওয়ার বাটন | অ্যান্ড্রয়েড সিস্টেমে আগের স্ক্রিনে ফিরে যান। |
| | সেটিংস বা ফ্রিজ বাটন | সেটিংস অপশনটি খুলুন।<br><br>স্ক্রীন ফ্রিজ এবং আনফ্রিজ করতে পাঁচ সেকেন্ডের জন্য চাপ দিয়ে ধরে রাখুন। |
| | ভলিউম হ্রাস বাটন | সাউন্ড কমান |
| ৬ | ভলিউম বৃদ্ধি বাটন | সাউন্ড বৃদ্ধি করুন |
| ৭ | পাওয়ার বাটন | • স্ট্যান্ডবাই মোডে প্রবেশ করুন বা প্রস্থান।<br><br>• ডিসপ্লে বন্ধ করতে পাঁচ সেকেন্ডের জন্য চাপ দিয়ে ধরে রাখুন। |

# রিমোট কন্ট্রোল-এর ব্যবহার


SMART Board GX -এর সাথে একটি রিমোট দেওয়া হয়ে থাকে। রিমোট ব্যবহার করে ডিসপ্লে চালু বা বন্ধ, অন্যান্য সেটিংস নিয়ন্ত্রণ সহ আরো অনেক কিছু করা যায়। ডিসপ্লেটির সেটিংস পরিবর্তনের জন্যও  রিমোট ব্যবহার করা যায়।

গুরুত্বপূর্ণ কিছু বিষয়ঃ

- রিমোট কন্ট্রোলকে জোড়ে আছাড় দেবেন না এবং খেয়াল রাখবেন যেন হাত থেকে পরে না যায়।
- রিমোট কন্ট্রোল পানি থেকে দূরে রাখুন। যদি এটি ভিজে যায় তবে অবিলম্বে এটি শুকিয়ে নিন।
- রিমোট কন্ট্রোলকে আগুণ বা উত্তপ্ত বস্তু থেকে দূরে রাখুন না।
- রিমোট কন্ট্রোলের ব্যাটারি কম্পার্টমেন্ট ছাড়া অন্য কোনো অংশ খুলবেন না বা খোলার চেষ্টা করবেনা।



রিমোট কন্ট্রোলের ফাংশনসমূহ বর্ননা করা হলো:



| ক্রমিক নং | নাম | বর্ননা |
| --- | --- | --- |
| ১ | Power | • ডিসপ্লে অন করার জন্য টিপুন বা স্ট্যানডবাই মোডে পুনরায় রাখতে বাটন টি তে আবার চাপ দিন। <br> • ডিসপ্লে বন্ধ করতে পাঁচ সেকেন্ডের জন্য বাটনটি চাপ দিয়ে ধরে রাখুন। |
| ২ | Input | ইনপুট মেনু খুলুন। |
| ৩ | Up & Down | সেটিংসে বিকল্প একটি মেনু নির্বাচন অথবা উপরে নিচে যেতে ব্যবহার করুন। |
| ৪ | OK | পছন্দ অনুযায়ি মেনুতে আসার পর সেটি নির্বাচন করতে চাপ দিন। |
| ৫ | Left & Right | নির্বাচিত সেটিং এর মান পরিবর্তন করুন। |
| ৬ | Settings | সেটিংস মেনু দেখান বা লুকিয়ে রাখুন। |
| ৭ | Back | অ্যান্ড্রয়েড সিস্টেমে আগের স্ক্রিনে ফিরে যান। |
| ৮ | Home | হোম স্ক্রীন খুলুন। <br> বিঃদ্রঃ Android লক আউট হলে, হোম বোতামটিও লক করা থাকবে। |
| ৯ | OPS | উইন্ডোজ পিসি অন করুন |
| ১০ | Screen capture | স্ক্রিন এর একটি ছবি নিন। |
| ১১ | Whiteboard | হোয়াইটবোর্ড খুলুন। |



| ক্রমিক নং | নাম | বর্ননা |
| --- | --- | --- |
| ১২ | Volume decrease | ভলিউম কমিয়ে দিন। |
| ১৩ | Volume increase | ভলিউম বাড়ান। |
| ১৪ | Volume mute | ভলিউম একেবারে বন্ধ করুন। |

## অন-স্ক্রীন মেনু-সমগ্র এবং তার নিয়ন্ত্রণ-এর নিয়মাবলী

SMART Board GX সিরিজের এই ডিসপ্লেতে অনেকগুলি অন-স্ক্রীন মেনু এবং ডিসপ্লেটি নিয়ন্ত্রণকারী প্রচুর আইকন রয়েছে।




চিত্র ২—এক নজরে সকল অন-স্ক্রীন মেনু

## **Connection status icons** (সংযোগ-এর বর্তমান অবস্থা প্রদর্শনকারী আইকনসমূহ)

এই আইকনগুলো ডিসপ্লে প্যানেলটির ইন্টারনেট, USB, হটস্পট ইত্যাদি অবস্থা নির্দেশ করে।

| আইকন | বিস্তারিত |
|---|---|
| Connected to a wireless network and signal strength | ডিসপ্লে ডিভাইসটি ওয়াইফাই নেটওয়ার্ক এর সাথে যুক্ত কি না তা নির্দেশ করে। |
| Hotspot enabled | হটস্পট চালু হওয়া প্রদর্শন করে। |
| Connected to a wired network | নির্দেশ করে যে ডিসপ্লেটি একটি ইথারনেট নেটওয়ার্কের সাথে সংযুক্ত। |
| Disconnected from a wired network | ইথারনেট নেটওয়ার্ক থেকে ডিসপ্লে সংযোগ বিচ্ছিন্ন করা হয়ে গেলে এটি তা নির্দেশ করে। |
| USB inserted in connector | একটি USB ডিভাইস সংযুক্ত হয়েছে বলে। |

## **Whiteboard** (হোয়াইটবোর্ড)

এই আইকনে চাপ দেওয়ার মাধ্যমে ডিসপ্লেতে অবস্থিত হোয়াইটবোর্ড অ্যাপ্লিকেশনটি ওপেন হবে। এই হোয়াইটবোর্ড ব্যবহার করে একজন শিক্ষক সাধারন লেখা, ছবি আঁকা সহ বিভিন্ন কাজে ব্যবহার করতে পারবেন।

## **Browser** (ব্রাউজার)

ডিসপ্লেতে ইন্টারনেট যুক্ত করে কোনো ওয়েব সাইট দেখতে ডিসপ্লের ব্রাউজার-এ চাপ দিন এবং ব্রাউজার ওপেন হলে স্বাভাবিক ভাবে ব্যবহার করুন।



## **Apps menu** (অ্যাপস মেনু)

ডিসপ্লেতে আগে থেকে ইনস্টল করা Android অ্যাপগুলির দেখার জন্য এইখানে চাপ দিন। অ্যাপগুলির মধ্যে রয়েছে

১. WPS অফিস,
২. ফাইল ব্রাউজার,
৩. সেটিংস,
৪. iMirror,
৫. E-Share এবং
৬. Vote

## **Side Toolbar** (সাইড টুলবার)

সাইড টুলবার মেনু আপনাকে ডিসপ্লে কন্ট্রোল করার অপশনগুলো দিয়ে থাকে। সাইড টুলবার মেনু খুলতে, সাইড টুলবার মেনু হ্যান্ডেলগুলির যেকোনো একটিকে স্লাইড করুন (স্ক্রীনের উভয় পাশে থাকে)।




| ক্রমিক নং | নির্দেশনা | ফাংশন |
|---|---|---|
| 1 | Home | হোম স্ক্রীন খুলুন। |
| 2 | Back | অ্যান্ড্রয়েড সিস্টেমে আগের স্ক্রিনে ফিরে যান। |
| 3 | Settings | সেটিংস মেনু দেখান। |
| 4 | Input select | ইনপুট এর উৎস/সোর্স মেনু খুলুন। |
| 5 | Widgets | উইজেট মেনু খুলুন, যেখানে আপনি ক্যালকুলেটর, টাইমার এবং অন্যান্য সরঞ্জামগুলি ব্যবহার করতে পারেন। |
| 6 | Recent files and apps | অতি সম্প্রতি ব্যবহৃত ফাইল এবং অ্যাপ গুলো দেখুন। |
| 7 | Overlay | ছবি, ওয়েব পেজ, এবং অন্যান্য যেকোনো ফাইল এর উপর লিখুন এবং সংরক্ষণ করুন। |

## Bottom Toolbar (নিচের টুলবার)

ডিসপ্লের সাউন্ড মিউট করতে এবং ফ্লোটিং টুলবার মেনু খুলতে নিচের ছবিতে দেখানো টুলবার মেনুটি ব্যবহার করুন।

নীচের টুলবার মেনু খুলতে, স্ক্রিনের নীচের বাম কোণে প্রান্ত বরাবর সোয়াইপ করুন/টান দিন।




| ক্রমিক নং | আইকন | ফাংশন |
|---|---|---|
| ১. | Mute | ডিসপ্লের ভলিউম মিউট বা আনমিউট করুন। |
| ২. | Open | ফ্লোটিং টুলবার মেনুটি খুলুন। |



## Floating Toolbar (ভাসমান টুলবার)

ফ্লোটিং টুলবারে দুটি মেনু রয়েছে যা ডিসপ্লের বেশ কয়েকটি কার্যক্রম নিয়ন্ত্রনে সহায়তা করে। ফ্লোটিং টুলবার মেনু খুলতে, নীচের টুলবার মেনুর ওপেন আইকনে  চাপুন অথবা 2-3 সেকেন্ডের জন্য স্ক্রিনে দুটি আঙ্গুল  দিয়ে চাপ দিয়ে ধরে রাখুন।




১ নং মেনু




২ নং মেনু

| ক্রমিক নং | আইকন টুল | ফাংশন |
|---|---|---|
| ১. | Settings | সেটিংস থেকে আপনি Wi-Fi এর সাথে সংযোগ করার অপশন পাবেন এবং সংযোগ করতে পারবেন, তারিখ পরিবর্তন করতে পারেন, পাসওয়ার্ড এবং লক সেট করতে পারেন এবং পাওয়ার-এর সেটিংস পরিবর্তন করতে পারবেন। |
| ২. | Home | হোম স্ক্রীন খুলুন। |
| ৩. | Minimize the Floating Toolbar menus | ভাসমান মেনুটি লুকিয়ে রাখুন। |
| ৪. | Back | পূর্ববর্তি স্ক্রিনে ফিরে যান। |


| ক্রমিক নং | আইকন টুল | ফাংশন |
|---|---|---|
| ৫. | Overlay | ছবি, ওয়েব পেজ, এবং অন্যান্য যেকোনো ফাইল এর উপর লিখুন এবং সংরক্ষণ করুন। |
| ৬. | Go to the second floating Toolbar menu | ২য় টুলবার মেনুতে যেতে হলে এইখানে চাপ দিন। |
| ৭. | Input select | ডিসপ্লেতে দেখান যে কোন একটি সংযুক্ত কম্পিউটার বা ডিভাইসের ইনপুট নির্বাচন করুন। |
| ৮. | Screen lock | সকল প্রকার কার্যক্রম লক করে দিন। |
| ৯. | Screen capture | স্ক্রিনের পছন্দমত অংশের বা একটি ফুল উইন্ডো বা পুরো পর্দার স্ক্রিন ক্যাপচার নিন। |
| ১০. | Go back to the first Floating Toolbar menu | ১ম টুলবার মেনুতে ফেরত যান। |
| ১১. | Quick clean | অপারেটিং সিস্টেমে অবস্থিত অস্থায়ী ফাইল (ক্যাশ ফাইল) সাফ করুন। |
| ১২. | Recent files and apps | অতি সম্প্রতি ব্যবহৃত ফাইল এবং অ্যাপ গুলো দেখুন। |
| ১৩. | Volume controls | ডিসপ্লের ভলিউম নিয়ন্ত্রন এবং সেট করুন। |
| ১৪. | Screen brightness | ডিসপ্লের আলো নিয়ন্ত্রন এবং সেট করুন। |




## টাচ করে কিভাবে কাজ করবেন?

আপনি একটি স্বাভাবিক কম্পিউটারের মতোই এই ডিসপ্লেতে সকল কার্যক্রম গুলো পরিচালনা করতে পারবেন। যে কোন এপ্লিকেশন খোলা বা বন্ধ করা, অন্যদের সাথে শেয়ার করা, নতুন ফাইল তৈরি করা বা বিদ্যমান ফাইলগুলোকে নতুনভাবে সম্পাদনা করা, ওয়েবসাইট দেখা বা পরিচালনা করা, ভিডিও চালানো এবং সেগুলোর উপর বিভিন্ন ধরনের কাজ করা সহ আরো অনেক ধরনের কাজেই এই SMART Board GX ডিসপ্লে ব্যবহার করে আপনারা করতে পারেন। এবং ডিসপ্লে তে টাচ করার মাধ্যমেই এ সমস্ত কার্যক্রম সম্পাদন করতে পারবেন। বিভিন্ন পদ্ধতিতে টাচ করে আপনি বিভিন্ন কার্যক্রম সম্পাদন করতে পারবেন। এই ডিসপ্লে প্যানেলটি এক সাথে ২০ টি টাচ গ্রহনে সক্ষম, যা আপনার ডিসপ্লে ব্যবহারের অভিজ্ঞতাকে সুন্দর করে তোলে।


নিম্নে টাচ করে বিভিন্ন কাজের কিছু নমুনা যুক্ত করা হল।




একটি আঙ্গুল ব্যবহার করে যে কোন কিছু নির্বাচন বা সরাতে পারবেন



দুটি আঙ্গুল ব্যবহার করে উপরে-নিচে বা ডানে-বামে স্ক্রল করতে পারবেন




দুটি আঙ্গুল ব্যবহার এই ভাবে দুই দিকে টান দিয়ে যেকোনো ছবি বা লিখা বড় করতে পারবেন




দুটি আঙ্গুল ব্যবহার এই ভাবে ভিতর দিকে টান দিয়ে যেকোনো ছবি বা লিখা ছোট করতে পারবেন







দুটি আঙ্গুল ব্যবহার এই ভাবে যেকোনো ছবি বা লিখা ৩৬০° ঘোরাতে পারবেন



এইভাবে আঙ্গুল ব্যবহার পৃষ্ঠা পরিবর্তন করা যাবে



এইভাবে হাতের তালু ব্যবহার করে লিখা বা অঙ্কন মুছা যাবে



এইভাবে মুষ্টি ব্যবহার করেও লিখা বা অঙ্কন মুছা যাবে।

**লেখা, অঙ্কন, এবং মুছে ফেলা**

ডিসপ্লেটির কন্ট্রোল প্যানেলের বাম পাশে মাঝামাঝি অংশে একটি ম্যাগনেটিক হোল্ডারে দুটো কলম রাখা থাকে । এই কলমগুলো আপনাকে স্ক্রিনে লিখতে বা কোনো কিছু আঁকতে সহায়তা করে । একটি দুটি প্রান্ত ভিন্ন রঙে লিখার জন্য সেট করা যেতে পারে । সাধারণত কলমটির সামনের বা চিকোন অংশ দিয়ে কালো রঙের এবং পেছনের মোটা অংশ দিয়ে লাল রংয়ের লেখা হয়ে থাকে। পরবর্তীতে এই ডিজিটাল বোর্ডের উপরে হাতের মুষ্টি অথবা তালু দিয়ে ঘষে ঘষে সম্পূর্ণ ডিজিটাল কালি মুছেও ফেলা যায় ।

**সতর্কতাঃ**

চৌম্বক অংশে কলম ফেরত দেয়ার সময় নিশ্চিত করুন যে এটি সঠিক ভাবে ম্যাগনেটিক অংশে লেগেছে কি না। তা না হলে এটি পড়ে যেতে পারে এবং ক্ষতিগ্রস্ত হতে পারে।

**ডিজিটাল কালিতে লেখা ও আঁকা**

1. ডিসপ্লে প্যানেল -এর ম্যাগনেটিক হোল্ডার হতে একটি কলম তুলে নিন।
2. তৎক্ষণাৎ স্ক্রিনে ডিজিটাল কালিতে লিখুন বা আঁকুন।



**পরামর্শঃ**

• ডিসপ্লেতে সংযুক্ত কম্পিউটারের SMART নোটবুক সফ্টওয়্যারে লেখার সময়, ডিসপ্লের কলমের এক পাশের ছোট টিপের অংশটি দিয়ে কালো কালিতে লেখা হয় এবং অন্য পাশের বড় টিপের অংশটি আঙুল বা পয়েন্টার হিসাবে কাজ করে।

• হোয়াইটবোর্ড বা ওভারলে অ্যাপে লেখা বা আঁকার সময়, আপনি একটি কলমের রঙ, বেধ এবং অন্যান্য পরিবর্তন করতে পারেন, যার মধ্যে একটি ইরেজার হিসাবে কলমের প্রশস্ত টিপটিকে ব্যবহারও করতে পারবেন।

• হোয়াইটবোর্ড অ্যাপে স্প্লিট স্ক্রিন বৈশিষ্ট্যটি ব্যবহার করে ভিন্ন দুই ব্যক্তি একই সময়ে স্ক্রিনে লিখতে বা আঁকতে পারবেন।

**লিখা বা অংকন মুছে ফেলা**

আপনি আপনার হাতের তালু দিয়ে বা মুষ্টিবন্ধ অবস্থায় ডিসপ্লে স্ক্রিন-এ ঘষেঘষে ডিজিটাল কালি দিয়ে লিখা বা অংকন করা জ কোন কিছু মুছে ফেলতে পারবেন।

## SMART Ink ডাইনামিক টুলবার-এর ব্যবহার



SMART GX এর উইন্ডোজ মডিউল বা পিসি মডিউল এ কাজ করার সময় যদি ম্যাগনেটিক হোল্ডার থেকে আপনি একটি কলম তুলে নেন তাহলে স্ক্রিনে সঙ্গে সঙ্গে স্মার্ট ইংক ডায়নামিক টুলবারের একটি আইকন  প্রদর্শিত হয়। আইকনটি ব্যবহার করে পরবর্তীতে আপনি স্মার্ট ইংক-এর মাধ্যমে সেই উইন্ডোজ পিসিতে লিখা অংকন করার পাশাপাশি লিখার রং, লেখার আকার এবং অন্যান্য সকল কিছু পরিবর্তন করতে পারবেন। শুধুমাত্র লিখা নয় এর পাশাপাশি স্পটলাইট, স্ক্রিন শট, স্ক্রিন ক্যাপচার ইত্যাদি ফিচারগুলো আইকনটির মাধ্যমে আপনারা বাছাই করতে পারবেন এবং তা ব্যবহার করতে পারবেন। পাশের চিত্রে একটি ডায়নামিক টুলবারের ছবি দেখানো হয়েছে।

## স্ক্রিন ফ্রিজ বা স্থির করা

সামনের কন্ট্রোল প্যানেলের সেটিংস বাটন বা রিমোট কন্ট্রোলের সেটিংস বাটন পাঁচ সেকেন্ডের জন্য চাপ দিয়ে ধরে রেখে আপনি সাময়িকভাবে স্ক্রীনটি স্থির করে রাখতে পারেন। এটি আপনাকে বিশেষভাবে সহায়তা করবে যখন একটি ভিডিও, একটি অ্যানিমেশন, বা অন্যান্য চলমান চিত্রকে থামানোর জন্য অন্য কোন প্রকার কোন নিয়ন্ত্রণ ব্যবস্থা না থাকে।

ডিসপ্লে পানেল-এর ছবিটি যখন স্থির অবস্থায় থাকবে, উপরের বাম কোণে একটি ফ্রিজ অন (*Freeze on*) লিখা আসবে।

**বিঃদ্রঃ**

স্ক্রীন ফ্রিজ বা স্থির করা হলে কম্পিউটারে চলমান অ্যাপ্লিকেশনগুলি থেমে থাকে না। এটি শুধুমাত্র ডিসপ্লে পানেলে বর্তমান চিত্রটিকে স্থির অবস্থায় প্রদর্শন করে। স্ক্রীন আনফ্রিজ করতে বা পুনরায় আগের অবস্থায় নিয়ে আসতে, সেটিংস বোতামটি আবার পাঁচ সেকেন্ডের জন্য চাপ দিয়ে ধরে রাখুন।



# তৃতীয় ভাগঃ

# অ্যাপস ব্যবহার

## ব্রাউজার অ্যাপ ব্যবহার

সাধারন একটি ওয়েব ব্রাউজার এর মতই এই ব্রাউজারটি ব্যবহার যাবে। ইন্টারনেট সংযোগ থাকাকালীন অবস্থায় অন্য সাধারন যে কোনো ব্রাউজার এর মত এটি দিয়ে সকল কার্যক্রম পরিচালনা করা যায়।

## হোয়াইটবোর্ড অ্যাপ ব্যবহার

হোয়াইটবোর্ড পরিচালনা করার জন্য বেশ কয়েকট আইকন রয়েছে। বিভিন্ন কাজ পরিচালনার জন্য বিভিন্ন টুল আইকন দেয়া আছে যার ফাংশন ভিন্ন ভিন্ন।

## হোয়াইটবোর্ডের সাধারন ব্যবহার

হোয়াইটবোর্ডে লিখন, অঙ্কন, মুছে ফেলা ইত্যাদি বিভিন্ন কাজের জন্য অ্যাপ্লিকেশান-এর নিচের অংশে একটি টুল বার রয়েছে।

| টুল | আইকন | বর্ননা |
|---|---|---|
| Background | | ব্যাকগ্রাউন্ড পরিবর্তনের জন্য বিভিন্ন অপশন নির্বাচন করা যাবে এই আইকন হতে। |
| Pen settings | | ডিসপ্লে প্যানেল-এ কলমের জন্য কালির রঙ এবং সাইজ পরিবর্তন করা যাবে এই আইকন দিয়ে। আপনি এটিকে ইরেজার হিসাবে ব্যবহার করার জন্য প্রদত্ত কলমের মোটা নিব প্রান্তটিও কনফিগার করতে পারেন এবং হাতের তালু দিয়ে মোছার জন্য “Keep out Write” সেটিং টি অন করে নিতে পারেন। |



| টুল | আইকন | বর্ননা |
|---|---|---|
| Calligraphic ink | | ক্যালিগ্রাফি কলম দিয়ে লিখার জন্য এই আইকনটি বাছাই করুন। |
| Single finger draw | | একক আঙুল এবং একাধিক-আঙ্গুলের অঙ্কন মোডগুলির মধ্যে একটি নির্বাচন করুন। |
| Multi-finger draw | | একক আঙুলের অঙ্কন মোডে বাছাই করে আপনি শুধুমাত্র জুম করা এবং টেনে আনা ইত্যাদি ব্যবহার করে ডিসপ্লের হোয়াইটবোর্ডে অবস্থিত বিষয়বস্তুর সাথে ইন্টারঅ্যাক্ট করতে পারেন। মাল্টি-ফিঙ্গার ড্রয়িং মোডে, দুইজন ব্যক্তি ডিসপ্লের কলম ব্যবহার করে স্বাধীনভাবে এবং একই সাথে লিখতে পারে। আপনি একটি কলম ব্যবহার করার সময় লিখতে এবং আঁকার জন্য একাধিক আঙ্গুল ব্যবহার করতে পারেন। |
| Cover/import picture/split screen writing | | স্ক্রিনের নির্দিষ্ট ক্ষেত্রগুলিকে হাইলাইট করার জন্য, একটি বাহির হতে একটি ছবি নিয়ে এসে তাতে কাজ করার জন্য এবং স্ক্রীনটিকে দুই বা তিনটি ভিন্ন লেখার ক্ষেত্রে বিভক্ত করার জন্য এই আইকনটি ব্যবহার করুন। |
| Selection marquee | | কোনো বস্তু নির্বাচন করতে বা হোয়াইটবোর্ডের চারপাশে ওই অঙ্কন বা ছবিটি সরানোর জন্য একটি নির্বাচন মার্ক আঁকুন; আঙুল ব্যবহার করে কার্যক্রমটি সম্পন্ন করুন। |
| Undo | | সর্বশেষ করা কাজটি মুছে ফেলুন বা আন-ডু করুন। |
| Redo | | সর্বশেষ করা কাজটি মুছে ফেলার পর পুনরায় তা নিয়ে আসুন বা রি-ডু করুন। |
| Clear page | | সম্পুর্ন পেজটি পরিষ্কার করে ফেলুন। তার মানে পেজে অবস্থিত সব মুছে ফেলুন। |

হোয়াইটবোর্ডে-এর অন্যান্য টুলস এবং তাদের ফাংশনঃ

| টুল | আইকন | বর্ননা |
|---|---|---|
| **মেনু টুল** | | |
| সেইভ করে নেওয়ার জন্য মেনু অপশন খুলতে নীচের বাম কোণে মেনু আইকনে চাপ দিন। | | |
| Quit | | হোয়াইটবোর্ড অ্যাপ বন্ধ করে সেখান থেকে বের হয়ে যান। |
| Export notes | | একটি .png (ছবি) ফাইল হিসাবে হোয়াইটবোর্ডটি সেইভ করুন। ছবিটি ডিসপ্লে প্যানেল-এর হার্ড ডিস্ক মেমরিতে সংরক্ষিত হয়। |
| Import notes | | একটি .png (ছবি) ফাইল হিসাবে একটি হোয়াইটবোর্ড-এ সংযুক্ত করুন। এরপর কাজ করুন। |
| Share through QR code | | একটি QR কোড ব্যবহার করে হোয়াইটবোর্ডটি যে কোনো ডিভাইস-এ শেয়ার করুন। |
| Network drive upload | | হোয়াইটবোর্ড বিষয়বস্তু সরাসরি একটি Google ড্রাইভ বা OneDrive অ্যাকাউন্টে সংরক্ষণ করুন। ডিসপ্লেতে একটি ক্লাউড পরিষেবা অ্যাকাউন্ট যোগ করতে, বোতামটি ব্যবহার করুন। |



| টুল | আইকন | বর্ননা |
|---|---|---|
| Save | | হোয়াইটবোর্ড টি সেভ করুন। |
| Hide controls | | সমস্ত কন্ট্রোল লুকান বা দেখান। |
| **Navigation tools** | | |
| Add a page | | হোয়াইটবোর্ডে একটি নতুন পৃষ্ঠা যুক্ত করুন। |
| Next page | | পরবর্তী পৃষ্ঠায় যান। |
| Previous page | | পুর্ববর্তী পৃষ্ঠায় যান। |
| Page view | | এই আইকনটি আপনাকে পৃষ্ঠা নম্বর দেখায়। এর মাধ্যমে আপনি একটি নির্দিষ্ট পৃষ্ঠায় যেতে পারবেন বা পৃষ্ঠাগুলিতে যেকোনো কাজ করতে সক্ষম হবেন। |

**কিভাবে একটি নতুন হোয়াইটবোর্ড চালু করবেন?**

১. ডিসপ্লের হোম স্ক্রিনে, হোয়াইটবোর্ড আইকনে চাপ দিন।

২. একটি নতুন হোয়াইটবোর্ড খুলে যাবে।

## ব্যাকগ্রাউন্ড পরিবর্তন

আপনি চাইলে হোয়াইটবোর্ডের ব্যাকগ্রাউন্ড পরিবর্তন করতে পারেন। যদি একটি হোয়াইটবোর্ডে একাধিক পৃষ্ঠা থাকে তবে প্রতিটি পৃষ্ঠায় ভিন্ন ভিন্ন ব্যাকগ্রাউন্ড থাকতে পারে।

হোয়াইটবোর্ডের ব্যাকগ্রাউন্ড পরিবর্তন করতে-

১. ব্যাকগ্রাউন্ড আইকনে আলতো চাপুন।

২. যে কোন একটি ব্যাকগ্রাউন্ড নির্বাচন করুন অথবা sdcard বা একটি USB ড্রাইভ থেকে একটি ব্যাকগ্রাউন্ড যোগ করতে ব্যাকগ্রাউন্ড যোগ আইকনে চাপু দিন। এরপর আপনার পছন্দ অনুযায়ী ব্যাকগ্রাউন্ড নির্বাচন করুন।

## হোয়াইটবোর্ড পেইজটি অন্যান্য ডিভাইসে শেয়ার করা

আপনার মোবাইল ডিভাইসে একটি QR কোড স্ক্যানার থাকলে আপনি সেই QR কোড স্ক্যানার ব্যবহার করে একই হোয়াইটবোর্ড আপনার মোবাইল বা ট্যাব-এ দেখতে পাবেন।

বিঃদ্রঃ নিশ্চিত করুন যে আপনার কম্পিউটার বা মোবাইল ডিভাইসটি এবং স্মার্ট ডিসপ্লে প্যানেল একই ইন্টারনেট নেটওয়ার্কের সাথে সংযুক্ত রয়েছে।



## হোয়াইটবোর্ড হতে যে কোনো নোট শেয়ার

১. মেনু আইকনে চাপ দিন।

২. QR কোডের আইকনে চাপ দিন, বর্তমান পৃষ্ঠা বা সমস্ত পৃষ্ঠাসমূহ শেয়ার করবেন কিনা তা নিশ্চিত করুন।

৩. আপনার মোবাইল ডিভাইসটি দিয়ে QR কোড স্ক্যান করুন।

হোয়াইটবোর্ড ছবিটি আপনার মোবাইল ডিভাইসে প্রদর্শিত হলে, আপনি ছবিটি আপনার মোবাইল ডিভাইসে সেই ছবি সংরক্ষণ করতে পারবেন।

## হোয়াইটবোর্ড সংরক্ষণ বা সেইভ করা

কার্য সম্পাদন শেষে একটি হোয়াইটবোর্ডকে .png বা .pdf ফাইল হিসাবে সংরক্ষণ করর যায়। ফাইলটি সংরক্ষনের জন্য-

১. সংরক্ষণ বা সেইভ আইকনে চাপ দিন, একটি ফোল্ডারের নাম লিখুন এবং নিম্নলিখিত যে কোন একটি অপশন নির্বাচন করুন:

o ফাইলটি ডিসপ্লে প্যানেল বা একটি USB ড্রাইভে সংরক্ষণ করুন।

o শুধু মাত্র বর্তমান পৃষ্ঠা বা সকল পৃষ্ঠাসমূহ সংরক্ষণ করুন।

o একটি .png বা .pdf ফাইল হিসাবে সংরক্ষণ করুন।

বিঃদ্রঃ হোয়াইটবোর্ড পৃষ্ঠাগুলি ক্রমানুসারে-সংখ্যাযুক্ত .png ফাইল বা একটি একক .pdf ফাইল হিসাবে ক্রমানুসারে সংরক্ষণ করা হয়।

2. **“OK”** বাটন-এ চাপ দিন।

## সংরক্ষিত বা সেইভ করা হোয়াইটবোর্ড কিভাবে ব্যবহার করবেন?

একটি সংরক্ষিত বা সেইভ করা হোয়াইটবোর্ড আপনি পুনরায় ব্যবহার করতে পারবেন। আপনি থিক যেইভাবে হোয়াইটবোর্ডটি সেইভ করে রেখেছিলেন, পুনরায় সেটি খুললে আপনি ঠিক সেই অবস্থাতেই পাবেন এবং আবার কাজ করতে পারবেন।

## ওভারলে-এর ব্যবহার

ডিসপ্লেতে হোয়াইটবোর্ড ব্যতিত অন্য যে কোন অ্যাপ ব্যবহার করার সময়, আপনি ওভারলে টুল ব্যবহার করে যে কোন পেইজ-এর উপর লিখতে বা আঁকতে পারেন এবং সেগুলিকে ডিসপ্লে প্যানেল-এ সংরক্ষণ করতে পারেন।

বিঃদ্রঃ হোয়াইটবোর্ড অ্যাপে ওভারলে টুলটি পাওয়া যাবে না।

## ওভারলে টুল-এর ব্যবহার

ডিসপ্লেটির ম্যাগনেটিক হোল্ডারে রাখা দুটো কলম এর সাহায্যে ওভারলে টুলটি ব্যবহার করা যাবে। মুলত এই টুলটি আপনাকে তাৎক্ষনিক লিখতে বা আঁকতে সাহায্য করবে।

ওভারলে টুল

১. **Side Toolbar** মেনু খুলুন এবং ওভারলে আইকনে চাপ দিন। ওভারলে মেনু প্রদর্শিত হবে।

২. ডিসপ্লে প্যানেল লিখতে বা আঁকার জন্য ডিসপ্লের কলম বা আপনার আঙুল ব্যবহার করুন।

৩. আপনার হয়ে গেলে, মেনু আইকনে চাপ দিন এবং ওভারলে থেকে বের হয়ে যেতে **Quit** আইকনে চাপ দিন।

বিঃদ্রঃ আপনি যদি ব্রাউজারে ব্যবহার করে চালানো একটি ভিডিওতে লিখতে থাকেন বা আঁকেন, তাহলে ভিডিওটি স্বয়ংক্রিয় ভাবে বন্ধ হয়ে যাবে।



## ওভারলে দিয়ে লিখা বা আঁকার পর মুছে ফেলা

১. আপনার মুষ্টি বা হাতের তালু ব্যবহার করে স্বাভাবিক ভাবে ওভারলে দিয়ে লিখা বা আঁকা মুছে ফেলা যাবে।

বা সব কিছু একসাথে একবারে মুছে ফেলতে চাইলে **Erase All** আইকনে চাপ দিন।

## ওভারলে টুলস-এর বিশদ পরিচিতি

| টুল | আইকন | বর্ননা |
|---|---|---|
| **মেন্যু টুল**<br>**মেনু খুলতে নীচের বাম কোণে মেনু আইকনে চাপ দিন।** | | |
| **Quit** | | ওভারলে অপশন বন্ধ করে দিন। |
| **Share through QR code** | | একটি QR কোড ব্যবহার করে ওভারলেটি শেয়ার করুন। |
| **Upload to the network disk** | | Google ড্রাইভ বা OneDrive ক্লাউড স্টোরেজে ওভারলে সংরক্ষণ করুন। |
| **Save** | | ডিসপ্লে প্যানেল-এ ওভারলে সংরক্ষণ করুন। |
| **Hide controls** | | সমস্ত সরঞ্জাম এবং নিয়ন্ত্রণ সমূহ লুকান বা দেখান। |
| **ওভারলে টুলস** | | |

| টুল | আইকন | বর্ননা |
|---|---|---|
| **Pen settings** |  | ডিসপ্লের কলমের কালির রঙ এবং আকার পরিবর্তন করুন। |
| **Pointer** |  | আপনার আঙ্গুল দিয়ে কার্সর টুল বা মাউস পয়েন্টার এর মত কাজ করতে চাইলে এইখানে চাপ দিন। |
| **Whiteboard** |  | হোয়াইট বোর্ড অ্যাপ্লিকেশন খুলুন। |
| **Screen capture/import picture** |  | স্ক্রিন ক্যাপচার উইজেট খুলুন বা বাহির হতে একটি ছবি নিয়ে আসুন। |
| **Undo** |  | সর্বশেষ করা কাজটি মুছে ফেলুন বা আন-ডু করুন। |
| **Redo** |  | সর্বশেষ করা কাজটি মুছে ফেলার পর পুনরায় তা নিয়ে আসুন বা রি-ডু করুন। |
| **Clear page content** |  | পৃষ্ঠার সমস্ত বিষয়বস্তু সাফ করুন। |



## ওভারলে বন্ধ করা

আপনি যখন ওভারলে বন্ধ করতে চাইবেন, তখন তা করার আগে আপনাকে আপনার লেখা সংরক্ষণ বা সেইভ করতে বলা হবে। আপনি চাইলে সেইভ করতে পারেন অথবা সেইভ ক্করা ছাড়া ও বের হয়ে আসতে পারেন।

ওভারলে বন্ধ করতে *মেনু আইকনে চাপুন এবং একটি ওভারলে থেকে বের হয়ে যাওয়ার জন্য **Quit** আইকনে চাপ দিন।

## EShare অ্যাপ

আপনার কম্পিউটার বা মোবাইল বা ট্যাব বা অন্য যে কোনো ডিভাইসের ছবি, ভিডিও ওয়্যারলেসভাবে ডিসপ্লে প্যানেল -এ শেয়ার করার জন্য এই অ্যাপটি ব্যবহার করতে পারেন।

মন্তব্য

- EShare একটি অনলাইন হতে ডাউনলোডকৃত অ্যাপ্লিকেশন। এই অ্যাপটির জন্য SMART- ডিসপ্লে প্যানেল এর সমর্থন বিভিন্ন বিষয়ের উপর নির্ভর করে পরিবর্তিত হতে পারে।

- নিশ্চিত করুন যে আপনার কম্পিউটার বা মোবাইল ডিভাইসটি ডিসপ্লে প্যানেল-এর মতো একই নেটওয়ার্কের সাথে সংযুক্ত রয়েছে।

• EShare অ্যাপটির কিছু বৈশিষ্ট্য নির্দিষ্ট কিছু মোবাইল ডিভাইস বা কম্পিউটারের জন্য প্রযোজ্য নয়।

EShare অ্যাপটি কিভাবে আপনার নিজস্ব ডিভাইসে ডাউনলোড করবেন

১. ডিসপ্লের হোম স্ক্রিনে, অ্যাপস মেনু আইকনে চাপ দিন। অ্যাপস মেনু প্রদর্শিত হবে।

২. EShare আইকনে চাপ দিন।

৩. ডিসপ্লে প্যানেল এর স্ক্রিনে একটি URL দেখাবে। আপনার ডিভাইসের ব্রাউজারে, ডিসপ্লের স্ক্রিনে দেখানো URL -টি লিখুন।

অথবা ডিসপ্লে প্যানেল এর স্ক্রিনে একটি QR কোডও দেওয়া থাকবে। ডিসপ্লের স্ক্রিনে প্রদত্ত QR কোড স্ক্যান করতে আপনার নিজস্ব ডিভাইসে একটি QR কোড স্ক্যানিং অ্যাপ ব্যবহার করতে পারেন।

৪. এইবার আপনার ডিভাইসের জন্য EShare অ্যাপটি প্রদত্ত নির্দেশনা অনুযায়ী ডাউনলোড এবং ইনস্টল করুন।

## ডিসপ্লে এবং মোবাইল ডিভাইস একই নেটওয়ার্কের সাথে সংযুক্ত রয়েছে কি না?

১. নেটওয়ার্কের নাম এবং IP ঠিকানা দেখতে EShare অ্যাপে প্রদত্ত গাইড বাটনে **"User Guide"** চাপু দিন।



যদি ডিসপ্লেটি একটি ওয়্যারলেস নেটওয়ার্কের সাথে সংযুক্ত থাকে, তাহলে ডিসপ্লেটি যে নেটওয়ার্কের সাথে সংযুক্ত রয়েছে তার নামটি নোট করুন।

যদি ডিসপ্লেটি একটি তারযুক্ত নেটওয়ার্কের সাথে সংযুক্ত থাকে, তাহলে IPv4 ঠিকানাটি নোট করুন এবং প্রথম ৩টি অক্টেট (অর্থাৎ ×××.×××××××××) মোবাইল ডিভাইসের বা কম্পিউটারের IP এড্রেস-এর সাথে মিলিয়ে নিন।

২. মোবাইল ডিভাইস বা কম্পিউটারের সেতিংস এ গিয়ে, আপনার মোবাইল ডিভাইস বা কম্পিউটারটি একই নেটওয়ার্ক এবং সাবনেটের সাথে সংযুক্ত কিনা তা যাচাই করুন।

## ডিসপ্লে প্যানেল-এ আপনার ডিভাইস কিভাবে সংযুক্ত করবেন?

১. প্রথমে নিশ্চিত করুন যে আপনার নিজস্ব ডিভাইস এবং ডিসপ্লে প্যানেলটি একই নেটওয়ার্কের সাথে সংযুক্ত রয়েছে

2. আপনার ডিভাইসে EShare অ্যাপটি খুলুন। একটি ডিভাইস তালিকা প্রদর্শিত হবে, আপনার নেটওয়ার্কের সাথে সংযুক্ত EShare ডিভাইসগুলি দেখাবে।

৩. আপনার ডিভাইসে প্রদর্শিত ডিসপ্লে প্যানেলটির নামে আলতো চাপু দিন।

বা আপনার ডিভাইস দিয়ে ডিসপ্লে প্যানেল এর QR কোডটি স্ক্যান করুন।

এরপর আপনার ডিভাইসের **Mirroring অপশন**-এ চাপ দিন। আপনার ডিভাইসের ডিসপ্লে SMART- ডিসপ্লে প্যানেল-এ দেখা যাবে। এবং পরবর্তিতে আপনি যে ফাইল বা ভিডিও দেখাতে চান সেইগুলকে পর্যায়ক্রমে নির্বাচন করুন।

## ডিসপ্লে প্যানেল নিয়ন্ত্রণ

আপনি আপনার নিজস্ব ডিভাইসে EShare অ্যাপ ব্যবহার করে SMART- ডিসপ্লে প্যানেল নিয়ন্ত্রণ করতে পারবেন। রিমোট কন্ট্রোল ফিচার ব্যবহার করবেন নাকি ডিসপ্লের স্ক্রীন ডুপ্লিকেট করবেন তা আপনার ডিভাইসের অপশন মেনু হতে বেছে নিন।

## টিভি মিরর-এর ব্যবহার

আপনি যখন টিভি মিরর ব্যবহার করেন, তখন আপনার ডিভাইসে ডিসপ্লে প্যানেল-এর স্ক্রীন প্রদর্শিত হয়। এরপর আপনি আপনার ডিভাইস দিয়ে ডিসপ্লে প্যানেল এর সকল কাজ সম্পন্ন করতে পারবেন।

## টিভি মিরর-এর ব্যবহার

১. আপনার ডিভাইসে EShare অ্যাপটি খুলুন।
২. ডিসপ্লে প্যানেল-এর E Share অ্যাপটির সাথে সংযুক্ত করুন।
৩. আপনার ডিভাইসে, টিভি মিরর অপশনে চাপ দিন।

## EShare সেটিংস

আপনি ডিসপ্লে প্যানেল-এর নাম পরিবর্তন করতে পারেন এবং একটি সংযোগের জন্য একটি কোড তৈরি করে রাখাতে পারেন।

## ডিসপ্লে প্যানেল-এর নাম পরিবর্তন

১. ডিসপ্লের প্যানেল-এর হোম স্ক্রিনে, অ্যাপস মেনু আইকনে চাপ দিন।
২. EShare আইকনে চাপ দিন।
৩. সেটিংস আইকনে চাপ দিন।



৪. ডিভাইসের নামের পাশে **Edit** আইকনে চাপ দিন।
৫. ডিভাইসের নাম *"Device Name"* বক্সের মধ্যে চাপ দিন এবং ডিসপ্লের প্যানেল-এর নতুন নাম টাইপ করতে অন-স্ক্রীন কীবোর্ড ব্যবহার করুন।
৬. বন্ধ **"Close"** অপশনে চাপ দিন।

## সংযোগ কোড তৈরি করণ

১. ডিসপ্লের হোম স্ক্রিনে, অ্যাপস মেনু আইকনে চাপ দিন।
২. EShare আইকনে চাপ দিন।
৩. সেটিংস আইকনে চাপ দিন।
৪. পিন কোড অপশনে চাপ দিন।
৫. ডিভাইসের নামের পাশে Edit আইকনে চাপ দিন।, এবং তারপর কোড পরিবর্তন করতে অন-স্ক্রীন কীবোর্ড ব্যবহার করে সংযোগ কোড *"Connect Code"* বক্সের মধ্যে চাপ দিন। আপনি পাসওয়ার্ড বা কোড রিফ্রেশ করার জন্য একটি টাইমারও সেট করতে পারেন।
অথবা একটি নতুন কোড তৈরি করতে রিফ্রেশ আইকনে চাপ দিন।
6. বন্ধ বাটনে চাপ দিন।

## সংযোগ কোড ব্যবহার বন্ধ করতে

1. ডিসপ্লের হোম স্ক্রিনে, অ্যাপস মেনু আইকনে চাপ দিন। অ্যাপস মেনু প্রদর্শিত হবে।
2. EShare আইকনে চাপ দিন।
3. সেটিংস আইকনে চাপ দিন।
4. পিন কোড বন্ধ করুন।

**EShare ব্যবহার করার জন্য যেকোনো ডিভাইসের নিম্নক্ত কার্যক্ষমতা থাকা আবশ্যকঃ**

| ডিভাইসের নাম | ন্যূনতম যা থাকতে হবে |
|---|---|
| iOS devices | iOS 9.0 (and later) |
| Android devices | Android 2.3 (and later) |
| Windows computers | Windows 7, 8, 10 (and later) |
| Mac computers | Mac OS X 10.9 (and later) |
| Chrome | Chrome OS version 4 (and later) |
| Linux | Ubuntu (12.04 and later) |

**iMirror-এর ব্যবহার**

আপনি আপনার ম্যাক কম্পিউটার, আইফোন, বা আইপ্যাডের স্ক্রীন ডিসপ্লে প্যানেল-এ শেয়ার করতে iMirror অ্যাপ ব্যবহার করতে পারেন। iMirror অ্যাপলের AirPlay অপশন ব্যবহার করে।

মন্তব্য

• iMirror একটি অনলাইন হতে ডাউনলোডকৃত অ্যাপ্লিকেশন। এই অ্যাপটির জন্য SMART- ডিসপ্লে প্যানেল এর সমর্থন বিভিন্ন বিষয়ের উপর নির্ভর করে পরিবর্তিত হতে পারে।



• নিশ্চিত করুন যে আপনার Mac কম্পিউটার বা iOS ডিভাইসটি ডিসপ্লে প্যানেল-এর মতো একই নেটওয়ার্কের সাথে সংযুক্ত রয়েছে।

**ডিসপ্লে প্যানেল-এ আপনার iOS ডিভাইসের স্ক্রীন মিরর কিভাবে করবেন?**

১. ডিসপ্লের হোম স্ক্রিনে, অ্যাপস মেনু আইকনে চাপ দিন। অ্যাপস মেনু প্রদর্শিত হবে।
২. iMirror-এ চাপ দিন। (বিঃদ্রঃ ডিসপ্লে প্যানেল-এর নাম মনে রাখবেন।)
৩. আপনার iOS সমর্থিত ডিভাইসের কন্ট্রোল সেন্টার খুলুন।
৪. স্ক্রীন মিররিং অপশনে চাপ দিন।
৫. ডিসপ্লে প্যানেল-এ নাম নির্বাচন করুন।
৬. ডিসপ্লেতে শেয়ার করার জন্য যে একটি অ্যাপ নির্বাচন করুন। নির্বাচিত অ্যাপটি ডিসপ্লে প্যানেল-এ প্রদর্শিত হবে।

**আপনার ম্যাক কম্পিউটার কিভাবে ডিসপ্লে প্যানেল-এ মিররিং করবেন?**

১. ডিসপ্লের হোম স্ক্রিনে, অ্যাপস মেনু আইকনে চাপ দিন।
২. iMirror-এ চাপ দিন। (বিঃদ্রঃ ডিসপ্লে প্যানেল-এর নাম মনে রাখবেন)
৩. আপনার Mac কম্পিউটারের মেনু বারে AirPlay আইকনে ক্লিক করুন।
৪. ডিসপ্লে প্যানেল-এর নাম নির্বাচন করুন।
(মনে রাখবেন, যখন আপনার Mac কম্পিউটার AirPlay-এর সাথে শেয়ার করা হয় তখন AirPlay আইকনটি নীল হয়ে যায়।)
৫. AirPlay আইকনে ক্লিক করুন এবং তারপর এক্সটেন্ড ডেস্কটপ অপশনে ক্লিক করুন। আপনার Mac কম্পিউটার ডিসপ্লে প্যানেল-এ দেখা যাবে।

**অ্যাপল ডিভাইস এবং অপারেটিং সিস্টেম**

iOS 9.0 বা পরবর্তী অ্যাপল অপারেটিং সিস্টেম iMirror সমর্থন করে।

## ডিসপ্লে এবং মোবাইল ডিভাইস বা কম্পিউটার একই নেটওয়ার্কের সাথে সংযুক্ত কিনা তা কিভাবে যাচাই করবেন?

ডিসপ্লে এবং মোবাইল ডিভাইস বা কম্পিউটার একই নেটওয়ার্কের সাথে সংযুক্ত কিনা তা যাচাই করতে

১. ডিসপ্লের হোম স্ক্রিনে অ্যাপস মেনু আইকনে চাপ দিন।

২. সেটিংস > নেটওয়ার্কে (**Settings > Network**) চাপ দিন।

যদি ডিসপ্লেটি একটি ওয়্যারলেস নেটওয়ার্কের সাথে সংযুক্ত থাকে, তাহলে ডিসপ্লে প্যানেলটি যে নেটওয়ার্কের সাথে সংযুক্ত রয়েছে তার নামটি নোট করুন।

(যদি ডিসপ্লেটি একটি তারযুক্ত নেটওয়ার্কের সাথে সংযুক্ত থাকে, তাহলে IP v4 ঠিকানাটি নোট করুন এবং মোবাইল ডিভাইস বা কম্পিউটারে IP ঠিকানার সাথে প্রথম ৩টি অক্টেট (XXX.xxxxx) মিলিয়ে নিন।)

৩. আপনার মোবাইল ডিভাইস বা কম্পিউটার ডিসপ্লে প্যানেলটির মত একই নেটওয়ার্কের সাথে সংযুক্ত কিনা তা যাচাই করুন।

### WPS অফিস

আপনি বিভিন্ন ধরনের ডকুমেন্ট তৈরি করতে এই অফিস স্যুটের রাইটিং, প্রেজেন্টেশন এবং স্প্রেডশীট ব্যবহার করতে WPS অফিস এর সাহায্য নিতে পারেন। এছাড়াও WPS Office দ্বারা Microsoft Office, Google Docs, এবং Adobe Acrobat সহ বিভিন্ন সফ্টওয়্যার দিয়ে তৈরি ডকুমেন্ট খুলতে এবং সম্পাদনা করা যায়।

বিঃদ্রঃ WPS একটি অনলাইন হতে ডাউনলোডকৃত অ্যাপ্লিকেশন। এই অ্যাপটির জন্য SMART- ডিসপ্লে প্যানেল এর সমর্থন বিভিন্ন বিষয়ের উপর নির্ভর করে পরিবর্তিত হতে পারে।



### WPS অফিস অ্যাপ ব্যবহার

১. ডিসপ্লের হোম স্ক্রিনে, অ্যাপস মেনু আইকনে চাপ দিন। অ্যাপস মেনু প্রদর্শিত হবে।

২. WPS অফিস আইকনে চাপ দিন।

### ভোট/ Vote

আপনি তাৎক্ষনিক পোলিং বা ভোটিং অপশন তৈরি করতে এবং আপনার ক্লাসে মধ্যে তা বিতরণ করতে ভোট অ্যাপ ব্যবহার করতে পারেন। ছাত্রছাত্রীরা তারপর তাদের ভোট জমা দিতে তাদের মোবাইল ডিভাইস ব্যবহার করতে পারবে।

### মন্তব্য

• Vote একটি অনলাইন হতে ডাউনলোডকৃত অ্যাপ্লিকেশন। এই অ্যাপটির জন্য SMART- ডিসপ্লে প্যানেল এর সমর্থন বিভিন্ন বিষয়ের উপর নির্ভর করে পরিবর্তিত হতে পারে।

## পোল অপশন কিভাবে সেট আপ করবেন?

১. ডিসপ্লের হোম স্ক্রিনে, অ্যাপস মেনু আইকনে চাপ দিন। অ্যাপস মেনু প্রদর্শিত হবে।

২. **Vote** অপশনে চাপ দিন। ভোট অ্যাপের একটি ডায়ালগ বক্স আসবে।

৩. **"Theme"** বক্সে পোলের জন্য একটি নাম টাইপ করুন।

*বিঃদ্রঃ টাইপ করার জন্য অন-স্ক্রীন কী বোর্ড ব্যবহার করুন বা ডিসপ্লে প্যানেল-এর সামনের সংযোগকারী প্যানেলে একটি কী বোর্ড সংযুক্ত করুন।*

৪. একটি একক বা একাধিক অপশন মডেল নির্বাচন করুন।

*বিঃদ্রঃ একটি বহুনির্বাচনী মডেল ভোটারদের একাধিক অপশনে ভোটের নির্বাচন করতে সক্ষম করে।*

5. **Voting options** ব্যবহার করে ন্যূনতম দুটি ভোট দেওয়ার অপশন যোগ করুন।

6. **Release** অপশনে চাপ দিন। একটি QR কোড ডিসপ্লে পানেল-এ প্রদর্শিত হবে।

৭. ব্যবহারকারীরা তাদের মোবাইল ডিভাইস দিয়ে QR কোড সরাসরি স্ক্যান করতে পারবে।

ব্যবহারকারীদের ডিভাইসগুলি মেইন পোলের সাথে সংযুক্ত হওয়ার পরে, তারা তাদের ভোট জমা দিতে পারবে।

### ফলাফল দেখা

১. ভোটের ফলাফল দেখতে, **View results** -এ চাপ দিন।
২. ভোট দেওয়া শেষ করতে, **Voting over** -এ চাপ দিন। (বিঃদ্রঃ ডিসপ্লে প্যানেল-এর নাম মনে রাখবেন।)

৩. ভোট অ্যাপ থেকে বের হয়ে যাওয়ার জন্য, Exit আইকনে চাপ দিন।

### ফাইল ম্যানেজার-এর ব্যবহার



ডিসপ্লে প্যানেল, ইউএসবি ড্রাইভ, গুগল ড্রাইভ বা ওয়ানড্রাইভ বা ক্লাউড স্টোরেজে সংরক্ষিত ফাইলগুলি দেখতে বা কাজ করতে ফাইল ম্যানেজার ব্যবহার করুন (গুগল ড্রাইভ বা ওয়ানড্রাইভ-এর ফাইল দেখার জন্য ডিসপ্লে প্যানেল-এর সেটিংসে ক্লাউড স্টোরেজ সক্রিয় থাকতে হবে)।



যে কোনো হোয়াইটবোর্ড নোট যা পরিবর্তন বা কনভার্ট করে .png ফাইল হিসেবে ফাইল ম্যানেজারে সংরক্ষণ করা হয় কেবল মাত্র সেই ফাইলগুলিই দেখা যাবে।

### ফাইল ম্যানেজার

১. ডিসপ্লের হোম স্ক্রিনে, অ্যাপস মেনু আইকনে চাপ দিন। অ্যাপস মেনু প্রদর্শিত হবে।

২. ফাইল ম্যানেজার আইকনে চাপ দিন। ফাইল ম্যানেজার খুলে যাবে।

### হোয়াইটবোর্ড অ্যাপ থেকে পরিবর্তিত বা কনভার্ট করা ছবি দেখতে

১. হোয়াইটবোর্ড অ্যাপ থেকে আপনার অঙ্কন .png ফাইলে রুপান্তর করুন। ফোল্ডারের নাম মনে রাখবেন।
২. ফাইল ম্যানেজারে, ফোল্ডার ব্রাউজ করুন এবং চাপ দিন।
৩. ফোল্ডার খুলে গেলে আপনার নির্ধারিত .png ফাইলে চাপ দিন।
একটি ছবি দেখতে, একটি অডিও ফাইল চালান, বা একটি ভিডিও দেখুন।
১. ফাইল ম্যানেজারে খুলে আপনার পছন্দের ফাইলটিতে চাপ দিন।
২. ফাইল খোলার জন্য একটি অ্যাপ্লিকেশন নির্বাচন করুন। ফাইলটি নির্বাচিত অ্যাপ্লিকেশন দ্বারা চলবে।
*(টিপসঃ আপনি ফাইল খোলার জন্য ডিফল্ট হিসাবে একটি অ্যাপ্লিকেশন নির্বাচন করতে পারেন।)*


### কন্টেন্ট দেখা বন্ধ করতে

১. ডিসপ্লের সাইড টুলবারে, হোম আইকনে চাপ দিন।

## ফাইল সরানো বা কপি করা

USB ড্রাইভ থেকে ডিসপ্লেতে একটি সম্পূর্ণ ফাইল একেবারে সরাতেঃ

১. সামনের সংযোগকারী প্যানেলে ডিসপ্লেতে একটি USB ড্রাইভ সংযুক্ত করুন।



২. ডিসপ্লের হোম স্ক্রিনে অ্যাপস মেনু আইকনে  চাপ দিন।

৩. ফাইল ম্যানেজার  অপশনে চাপ দিন।

৪. সংযুক্ত USB ড্রাইভ নির্বাচিত করুন।

৫. আপনি যে ফাইলগুলি সরাতে চান সেগুলিতে বাছাই করুন।

৬. ফাইলটি নির্বাচন করতে চাপ দিয়ে ধরে রাখুন। ফাইলের পাশে একটি চেক বক্স প্রদর্শিত হবে।

৭. পাশের মেনুতে কাট **(Cut)** অপশনে চাপ দিন।

৮. স্থানীয় স্টোরেজ **(Local storage)** অপশন নির্বাচন করুন।

৯. আপনি যে ফোল্ডারে ফাইলটি সরাতে চান সেটিতে বাছাই করুন।

১০. ফোল্ডারটি খুলতে ডবল-ট্যাপ মানে পরপর দুই বার চাপ দিন।


১১. পেস্ট **(Paste)** অপশনে চাপ দিন।

ফাইলটি ডিসপ্লে প্যানেল-এ সংরক্ষিত হয় এবং USB ড্রাইভ থেকে সম্পুরন সরানো হয়ে যায়।



## ইউএসবি ড্রাইভ থেকে ডিসপ্লে প্যানেল-এ কোনো ফাইল কপি করতে

১. সামনের সংযোগকারী প্যানেলে ডিসপ্লেতে একটি USB ড্রাইভ সংযুক্ত করুন।



২. ডিসপ্লের হোম স্ক্রিনে অ্যাপস মেনু আইকনে  চাপ দিন।

৩. ফাইল ম্যানেজার  অপশনে চাপ দিন।

৪. সংযুক্ত USB ড্রাইভ নির্বাচিত করুন।

৫. আপনি যে ফাইলগুলি সরাতে চান সেগুলিতে বাছাই করুন।

৬. ফাইলটি নির্বাচন করতে চাপ দিয়ে ধরে রাখুন। ফাইলের পাশে একটি চেক বক্স প্রদর্শিত হবে।

৭. পাশের মেনুতে কপি **(Copy)** অপশনে চাপ দিন।

৮. স্থানীয় স্টোরেজ **(Local storage)** অপশন নির্বাচন করুন।

৯. আপনি যে ফোল্ডারে ফাইলটি সরাতে চান সেটিতে বাছাই করুন।

১০. ফোল্ডারটি খুলতে ডবল-ট্যাপ মানে পরপর দুই বার চাপ দিন।

১১. পেস্টে **(Paste)** অপশনে চাপ দিন।

ফাইলটি ডিসপ্লে প্যানেল-এ সংরক্ষিত হয় এবং USB ড্রাইভে ও ফাইলটি থেকে যায়।

*বিঃদ্রঃ একই পদ্ধতি ব্যবহার করে ডিসপ্লে প্যানেল হতে যে কোনো ফাইল USB ড্রাইভে সরান যায়।*


### ফাইল ম্যানেজার ব্যবহার করে অ্যাপ ইনস্টল করা

আপনি ডিসপ্লে প্যানেল-এ অনলাইন হতে ডাউনলোডকৃত অ্যাপ ইনস্টল করতে ফাইল ম্যানেজার ব্যবহার করতে পারেন।

### ফাইল ম্যানেজার ব্যবহার করে অ্যাপ ইনস্টল করতে

১. আপনার পছন্দের অ্যাপ-এর .apk ফরম্যাট ডাউনলোড করুন এবং একটি USB ড্রাইভে .apk ফাইল সংরক্ষণ করুন।

২. সামনের সংযোগকারী প্যানেলে ডিসপ্লের সাথে USB ড্রাইভটি সংযুক্ত করুন।



৩. ডিসপ্লের হোম স্ক্রিনে অ্যাপস মেনু আইকনে  চাপ দিন।

৪. ফাইল ম্যানেজার আইকনে  চাপ দিন।

৫. সংযুক্ত USB ড্রাইভের সনাক্ত করুন এবং চাপ দিন।

৬. আপনি যে .apk ফাইলটি ইনস্টল করতে চান সেটি বাছাই করুন এবং ডবল-ট্যাপ মানে পরপর দুইবার চাপ দিন।

ডিসপ্লেতে অ্যাপটি ইনস্টল করতে স্ক্রীনে আসা নির্দেশাবলী অনুসরণ করুন।



# চতুর্থ ভাগঃ
# উইজেট ব্যবহার

এই অধ্যায়টি SMART Board GX সিরিজের ইন্টারেক্টিভ ডিসপ্লেতে উইজেটগুলি সম্পর্কে পরিচয় দেয় এবং তাদের ব্যবহার কিভাবে করতে হয় তা জানতে সাহায্য করবে।

উইজেট মেনু খুলতে সাইড টুলবার মেনু খুলুন এবং টুলবক্স আইকনে চাপ দিন।

*বিঃদ্রঃ উইজেটগুলি সর্বদা অন্যান্য খোলা উইন্ডো, প্রোগ্রাম এবং সংযুক্ত ডিভাইসের উপরে প্রদর্শিত হয়।*

*উইজেট মেনুতে নিম্নলিখিত সরঞ্জাম এবং নিয়ন্ত্রণগুলি রয়েছে:*

| আইকন | উইজেট | ফাংশন |
|---|---|---|
| | Clean | সমস্ত খোলা অ্যাপ বন্ধ করে এবং ডিসপ্লে প্যানেল-এর সিস্টেম (RAM) মেমরি সাফ করে। |
| | Countdown | একটি কাউন্টডাউন টাইমার শুরু করতে চাইলে। |
| | Screen Capture | একটি আয়তক্ষেত্রাকার এলাকা, একটি ফ্রিহ্যান্ড এলাকা, একটি উইন্ডো বা পুরো পর্দার একটি স্ক্রিন ক্যাপচার নিতে স্ক্রিন ক্যাপচার উইজেট ব্যবহার করুন। |
| | Spotlight | একটি পর্দার একটি এলাকায় মনোযোগ নির্দিস্ট করার জন্য বা শিক্ষার্থীদের আকর্ষণ করার জন্য স্পটলাইট উইজেট ব্যবহার করুন। |
| | Calculator | একটি অন-স্ক্রীন ক্যালকুলেটর ব্যবহার করতে চাইলে। |



| আইকন | উইজেট | ফাংশন |
|---|---|---|
| | Vote | তাত্ক্ষণিক পোল তৈরি করুন এবং সেগুলি আপনার ক্লাস বা শিক্ষার্থীদের মধ্যে শেয়ার করুন। |
| | Lock Screen | স্ক্রীন লক করুন। |

## ক্লিন উইজেট-এর ব্যবহার

সমস্ত খোলা অ্যাপ বন্ধ করতে এবং ডিসপ্লের সিস্টেম RAM সাফ করতে ক্লিন উইজেট ব্যবহার করুন। ক্লিন উইজেট ব্যবহার করতে ক্লিন আইকনে চাপ দিন।

## কাউন্টডাউন উইজেট ব্যবহার

স্ক্রিনে একটি কাউন্টডাউন টাইমার প্রদর্শন করতে কাউন্টডাউন উইজেট ব্যবহার করুন।

## কাউন্টডাউন উইজেট খুলতে

১. কাউন্টডাউন আইকনে চাপ দিন। কাউন্টডাউন উইজেট খোলার পর এইরকম দেখায়:





২. কাউন্টডাউন টাইমার সেটিংস কাস্টমাইজ করতে সম্পাদনা **(Edit)** আইকনে  চাপ দিন।

| ক্রমিক নং | টুল |
|---|---|
| ১ | কাউন্টডাউন কার্যকলাপের জন্য একটি নাম টাইপ করুন. |
| ২ | কাউন্টডাউনের সময়কালের জন্য একটি সময় সেট করুন। |
| ৩ | কাউন্টডাউন শুরু/পজ করুন। |
| ৪ | কাউন্টডাউন পুনরায় আরম্ভ করুন. |



| ক্রমিক নং | টুল |
|---|---|
| ৫ | কাউন্টডাউনের সময়কাল সম্পাদনা করুন। |
| ৬ | আপর একটি কাউন্টডাউন টাইমার যোগ করুন, সর্বোচ্চ ছয়টি পর্যন্ত টাইমার আপনি যুক্ত করতে পারবেন। |
| ৭ | কাউন্টডাউন উইজেট বন্ধ করুন। |

**কাউন্টডাউন উইজেট বন্ধ করতে**

বন্ধ **(Close)** আইকনটি  তে চাপ দিন।.

**স্ক্রিন ক্যাপচার উইজেট ব্যবহার**

স্ক্রিন ক্যাপচার টুলবার আপনাকে একটি আয়তক্ষেত্রাকার এলাকা, একটি ফ্রিহ্যান্ড এলাকা, একটি উইন্ডো বা পুরো পর্দার একটি স্ক্রিন ক্যাপচার বা ছবি তুলে নিতে সাহায্য করে।

**স্ক্রিন ক্যাপচার উইজেট ব্যবহার করতে**

১. স্ক্রীন ক্যাপচার আইকনে  চাপ দিন।

স্ক্রিন ক্যাপচার উইজেট খোলার পর এইরকম দেখায়:




| ক্রমিক নং | টুল পরিচিতি |
|---|---|
| ১ | ক্যাপচার উইন্ডো রি-সাইজ হ্যান্ডেল। এটা ধরে আপনি এর সাইজ বড়-ছোট করতে পারবেন। |
| ২ | একটি আয়তক্ষেত্রাকার বা বৃত্তাকার উইন্ডো নির্বাচন করুন (তাদের মধ্যে পরিবর্তন করতে আইকনে ক্লিক করুন) |
| ৩ | সম্পূর্ণ স্ক্রিন নির্বাচন করুন। |
| ৪ | স্ক্রীন ক্যাপচার টুল বন্ধ করুন |
| ৫ | নির্বাচিত উইন্ডোর ছবি সেইভ করুন। |

২. আপনি যে উইন্ডো বা স্ক্রীনটি ক্যাপচার করতে চান সেটি নির্বাচন করুন।

৩. নির্বাচিত উইন্ডো বা স্ক্রীন সংরক্ষণ করতে সংরক্ষণ (**Save**) আইকনে চাপ দিন।



ফাইলটি ডিসপ্লে প্যানেল বা একটি USB ড্রাইভে বা আপনার Google ড্রাইভ বা OneDrive অ্যাকাউন্টে সেইভ করুন।

*বিঃদ্রঃ Google Drive বা OneDrive ক্লাউড স্টোরেজ অবশ্যই ডিসপ্লে সেটিংসে সক্রিয় করে রাখতে হবে।*


## স্ক্রিন ক্যাপচার উইজেট বন্ধ

বন্ধ করুন (**Close**) আইকনে চাপ দিন।

## স্পটলাইট উইজেট ব্যবহার

আপনি একটি প্রেজেন্টেশন-এরসময় স্পটলাইট উইজেট ব্যবহার করতে পারেন। এটি ডিসপ্লে প্যানেল-এ প্রদর্শিত যেকোন স্থির চিত্র বা লেখনির একটি নির্দিস্ট এলাকায় মনোযোগ আকর্ষণ করতে সহায়তা করে।

১. স্পটলাইট আইকনে চাপ দিন। স্পটলাইট উইজেট চালু হয়েছে:



| *ক্রমিক নং* | **টুল পরিচিতি** |
|---|---|
| ১ | স্পটলাইট বড় বা ছোট করুন। *টিপসঃ আপনি স্পটলাইট এলাকার আকার পরিবর্তন করতে আঙ্গুল ব্যবহার করতে পারেন।* |
| ২ | স্পটলাইট উইজেট বন্ধ করুন। |
| ৩ | স্পটলাইট এলাকা |

২. ডিসপ্লে প্যানেল-এ প্রদর্শিত স্থির চিত্রের একটি এলাকা হাইলাইট করতে স্পটলাইট উইন্ডো টিপুন এবং জায়গা মত টেনে আনুন।

### স্পটলাইট উইজেট বন্ধ করতে

স্পটলাইট উইজেট বন্ধ করতে **(Close)**আইকনে চাপ দিন।

### ক্যালকুলেটর টুল ব্যবহার

একটি অন-স্ক্রীন ক্যালকুলেটর খুলুন যা ডিসপ্লেতে চলমান যেকোনো অ্যাপ্লিকেশনের উপর উপস্থিত হয় এবং ব্যবহার করা যায়।

### ক্যালকুলেটর উইজেট ব্যবহার করতে

১. ক্যালকুলেটর আইকনে চাপ দিন। ক্যালকুলেটর আসার পর স্বাভাবিক নিয়মে ব্যবহার করুন।

২. ক্যালকুলেটর উইজেট বন্ধ করতে **(Close)** বন্ধ অপশনে চাপ দিন।



### ভোট উইজেট ব্যবহার

*তৃতীয় অধ্যায়ে বর্নিত ভোট এর বর্ননা দেখুন।*

### লক স্ক্রিন ব্যবহার

ডিসপ্লে প্যানেল-এর স্ক্রীন সুরক্ষিত করতে লক স্ক্রিন অপশনটি ব্যবহার করুন। যখন লক স্ক্রীন সক্রিয় থাকে, তখন স্ক্রীন আন-লক করতে একটি ছয় সংখ্যার পাসকোড লিখতে হবে।

*বিঃদ্রঃ লক স্ক্রীন পাসকোডটি প্রাথমিক সেট আপের সময় যখন ডিসপ্লেটি প্রথমবার চালু হয় তখন তৈরি করা হয়। লক স্ক্রিন অপশনটি ডিসপ্লে প্যানেল সেটিংসেও কনফিগার করা যেতে পারে।*

### ডিসপ্লে প্যানেল লক করতে

১. লক স্ক্রীন আইকনে চাপ দিন।

২. স্ক্রিনে একটি লক আইকন প্রদর্শিত হবে এবং স্ক্রীন আন-লক করতে পাসওয়ার্ডটি লিখতে হবে।


# পঞ্চম অধ্যায়:

# স্মার্ট নোটবুক ব্যবহার



কম্পিউটারে অবস্থিত এই আইকনটিতে  পরপর দুই বার চাপ দিলেই এই সফটওয়্যারটি খুলে যাবে এবং শিক্ষকরা তাদের নির্দিষ্ট চাহিদা অনুযায়ী যেকোনো বিষয়ে পাঠদান করতে পারবেন।

সফটওয়্যারটি খুলে যাওয়ার পর নীচে দেখানো ছবির মত দেখাবে। বোঝার সুবিধার্থে বিভিন্ন অংশের নাম করনসহ দেয়া হল।



## টুল বার

স্মার্ট নোটবুক-এর টুল বার আপনাকে নোটবুক ফাইলে কাজ করতে সহায়তা করবে। এই টুলবারে দুইটি প্যানেল আছে। একটা হচ্ছে "টুল প্যানেল" এবং অপরটি হল "অ্যাকশান প্যানেল"। টুল প্যানেল দ্বারা নোটবুক ফাইলে সাধারণ হোয়াইট বোর্ড-এর মতই সকল কাজ করা সম্ভব; এবং অ্যাকশান প্যানেল দ্বারা ওই সকল কাজে পরিবর্তন বা পরিবর্ধন আনা যাবে।




শুরুতে এই টুলবারটি নোটবুক ফাইলের উপরের দিকে থাকবে। তবে প্রয়োজনে এই টুলবারটিকে একদম নিচেও নামিয়ে আনা যায়। এই কাজটি করার জন্য নিম্নে দেখানো আইকন-টি তে চাপ দিতে হবে।



### পেইজ সংক্রান্ত বিভিন্ন অপশন্‌স







### টুল বারের বাটন পরিচিতি এবং তাদের কাজের সংক্ষিপ্ত বর্ণনা

| | | | |
|---|---|---|---|
| | পূর্ববর্তী পেইজ দেখুন | পরবর্তী পেইজ দেখুন | |
| | যেকোনো পেইজ-এর সংলগ্ন একটি নতুন পেইজ খুলতে চাইলে | পূর্ববর্তী স্থায়ী নোটবুক ফাইল খুলতে হলে | |
| | | যেকোনো পেইজ বাদ দিতে চাইলে | |
| | ফাইল সেভ করুন | পেস্ট করুন | |
| | সাম্প্রতিক কাজ আনডু করুন | সাম্প্রতিক কাজ রিডু করুন | |
| | সিলেক্ট করা অংশ মুছে দিন | স্ক্রীন শেড দিয়ে পুরো পেইজ ঢেকে দিন | |
| | বড় করে দেখুন | দুই/এক পেইজ দেখুন | |
| | ক্যাপচার টুল প্রদর্শন করুন | ডকুমেন্ট ক্যামেরা | |
| | ছক তৈরি করতে চাইলে | যে কোন কিছু সিলেক্ট করতে চাইলে | |
| | কলম টুল দিয়ে কিছু লিখতে বা আঁকতে চাইলে | ক্রিয়েটিভ পেন দিয়ে লিখতে চাইলে | |
| | মুছতে চাইলে | লাইন আঁকতে চাইলে | |
| | যেকোনো ধরনের জ্যামিতিক আকৃতি আঁকতে চাইলে | নিখুঁত ভাবে জ্যামিতিক আকৃতি আঁকতে চাইলে | |
| | ম্যাজিক কলম দিয়ে কোন কিছু নির্দিষ্ট করতে চাইলে বা বড় করে কিছু দেখাতে চাইলে | কোন নির্দিষ্ট বস্তু বা আকৃতি বিভিন্ন রঙ দিয়ে পূর্ণ করতে চাইলে | |
| | বোর্ড-এ টাইপিং করতে চাইলে | টুল এর প্রপার্টি সেট করতে চাইলে | |
| | ক্যালিগ্রাফিক ভাবে কিছু লিখতে বা আঁকতে চাইলে | | |

## সাইড ট্যাব




স্মার্ট নোটবুক-এর সাইড-এ পাচটি ট্যাব থাকে। সাথে আরও কিছু সহায়ক আইকনও থাকে।




*বোর্ড-এর যে পার্শ্বে দাঁড়িয়ে কাজ করবেন সাইড ট্যাবটিকে সেই পার্শ্বে নিয়ে কাজ করুন।*



## সাইড-এর পাঁচটি ট্যাব -এর সংক্ষিপ্ত বর্ণনা নিচে দেয়া হল:

| | | | |
|---|---|---|---|
|  | এই ট্যাবে চাপ দিয়ে নোটবুক ফাইলের সবগুলো পেইজ ছোট আকারে একসাথে দেখা যায় এবং অন্যান্য কাজ যেমন পেইজ বাদ দেয়া, উপরে বা নীচে সরানো ইত্যাদি করা যায়। | এই ট্যাবে চাপ দিয়ে নোটবুক-এর সাথে প্রদত্ত কয়েক হাজার শিক্ষা সংশ্লিষ্ট ছবি, এনিমেশন ও অন্যান্য সহায়ক বিষয়বস্তু দেখা যাবে। |  |
|  | কম্পিউটার হতে যে কোন ফাইল এর সাথে যুক্ত করতে চাইলে এই ট্যাব ব্যবহার করতে হবে। | নোটবুক সফটওয়্যারের টুল সমূহের বিশদ জানতে বা পরিবর্তন করতে চাইলে এই ট্যাব ব্যবহার করতে হবে। |  |
|  | আতিরিক্ত কিছু টুল ব্যবহার করার জন্য এই ট্যাব। তবে এটি বাধ্যতামুলক নয়। | | |


## টুল সমূহের বিস্তারিত এবং স্বচিত্র ব্যবহার পদ্ধতি

পেন টুল-এ চাপ দেয়ার পর যে পেন আইকনটি আসবে তাতে আর একবার চাপ দিলেই একটি নতুন পেন তালিকা আসবে। সেই তালিকা থেকে চাহিদা বা ইচ্ছা অনুযায়ী পেন নির্বাচন করে কাজ করা যাবে। নীচে কোনটি কি কাজ করবে তার সংক্ষিপ্ত বর্ণনা দেয়া হল।

পেনস টুল-এ চাপ দেয়ার পর এটি আসবে



পেন-এ চাপ দিলে এইভাবে একটি পেন তালিকা আসবে





## পেন

এই টুল ব্যবহার করে যে কোন ভাষায় লিখা এবং যে কোন কিছু আঁকতে পারা যাবে। ডিজিটাল বোর্ড-এর পেন আইকনে চাপ দিলেই এই পেন টুলটি কালো কালি সহকারে কাজ করার জন্য হয়ে যাবে।



## ক্যালিগ্রাফিক পেন

এই টুল দিয়েও পূর্বের পেন টুলের মত কাজ করা যাবে। তবে এর লিখন রেখা গুলো একটু ভিন্ন



## ক্রেয়ন বা রং পেন্সিল

ডিজিটাল বোর্ড-এর নোটবুক ফাইলে কোন কিছু আঁকার পর রং করতে চাইলে এটি ব্যবহার করা যাবে। রং পেন্সিলের মতই এটি দিয়ে ঘষে ঘষে রং করতে হবে। যত বেশী ঘষা হবে রং ততই ব।



## হাইলাইটার

এইটি ব্যবহার করে যেকোনো লিখা বা যেকোনো অংশকে হাইলাইট করা যাবে।




## টেক্সট পেন

এই পেন ব্যবহার করে লিখা যেকোনো ইংরেজি শব্দ বা বাক্য নিজে নিজেই পরিবর্তিত হয়ে কম্পিউটারে টাইপ করা শব্দ বা ব্যাকের মত দেখাবে। যেকোনো শব্দ বা বাক্যকে খুব সহজে পরিবর্তন, বাদ দেয়া, নতুন শব্দ যুক্ত করা, শব্দের মাঝে জায়গা করে দেয়া ইত্যাদি করা যাবে।



কিছু উদাহরণ দেয়া হল:

| করণীয় | কিভাবে করা হবে | উদাহরণ |
|---|---|---|
| কোন শব্দ মুছে ফেলা | যে শব্দ বা লাইন মুছে ফেলতে চান সেটিকে সোজা একটানে কেটে দিন। |   |
| দুইটি শব্দের মাঝে ফাঁকা স্থান সৃষ্টি | দুইটি শব্দের মাঝে যদি লম্বা করে টান দেয়া হয় তবে সেই দুইটি শব্দের মাঝে ব্যবধান সৃষ্টি হবে। |   |
| নতুন শব্দ যুক্ত করন | • যেই স্থানে নতুন শব্দ যুক্ত করতে চান সেই খানটায় এই ভাবে ∧ একটি চিহ্ন দিন।<br>• চিহ্নটি দেয়ার পর তার ঠিক নিচে একটি বক্স আসবে। ওই বক্সটায় নতুন যে শব্দটি যুক্ত করতে চান সেতি লিখুন।<br>• লিখা শেষ হলে ✓ এই চিহ্নতে চাপ দিলেই লিখাটা পূর্ব নির্দেশিত স্থানে চলে যাবে। |   |

| | | |
|---|---|---|
| কোন শব্দ প্রতিস্থাপন করতে চাইলে | ● যে শব্দটি প্রতিস্থাপন করতে চান সেটিকে ঘিরে একটি বৃত্তাকার আকৃতি আঁকতে হবে।<br>● এরপর নিচে একটি বক্স আসবে। সেই বক্স-এ ঐ শব্দ প্রতিস্থাপন করে নতুন যে শব্দটি লিখতে চান সেটি লিখতে হবে।<br>● লিখা শেষ হয়ে গেলে ✓ এই আইকনটিতে চাপ দিলেই নতুন শব্দটি আগের শব্দটিকে প্রতিস্থাপিত করে দিবে। | SMART Response software<br>SMART Response software<br>Notebook<br>SMART Notebook software |
| রঙ পরিবর্তন করতে চাইলে | ● প্রথমে প্রপার্টি টুল বার-এর কালার অংশ থেকে রঙ বাছাই করতে হবে।<br>● এরপর যেই শব্দটির রঙ পরিবর্তন করতে চান সেই শব্দটির ডান থেকে বামে একটি রেখা টেনে কলম না উঠিয়ে আবার বাম থেকে ডানে আসতে হবে। ঐ শব্দটির রঙ পরিবর্তিত হয়ে যাবে। | Sample new text<br>Sample new text |

## ক্রিয়েটিভ পেন

এই পেন দিয়ে মুলত রঙ্গিন রেখায় বর্ণ বা শব্দ লিখা যাবে। এটি মুলত ছোট বাচ্চাদের জন্য আকর্ষণীয় করে কোন বর্ণ বা শব্দ লিখার কাজে সহায়তা করবে।

## পেইন্ট ব্রাশ বা রং তুলি

এটিও একটি  ড্রয়িং এর কাজে ব্যবহারিত একটি টুল। যে কোন অংকনের উপর এটি ব্যবহার করে রং করা যাবে।



## ম্যাজিক পেন

এই পেন দিয়ে কোন কিছু লিখলে কিছুক্ষন পর সেটি নিজে নিজেই মুছে যাবে। এই পেন দিয়ে যদি গোলাকার আকৃতি আঁকা হয় তবে সেটি স্পটলাইট হিসেবে কাজ করবে  আর যদি একটি চারকোনা বক্স আঁকা হয় তবে সেটি ওই বক্সের ভিতরকার অংশকে বড় করে দেখাবে। নিচে কিছু সচিত্র উদাহরণ দেয়া হল।








## সেইপ রিকগনিশন পেন

এই পেন ব্যবহার করে যেকোনো জ্যামিতিক আকৃতি যে কোন রকম করে আঁকলেও তা সঠিক জ্যামিতিক আকৃতিতে নিজে নিজেই রুপান্তরিত হয়ে যাবে। নিচে সচিত্র উদাহরণ দেয়া হল।



হাতে আঁকা আঁকাবাঁকা ত্রিভুজ নিজে নিজেই সঠিক আকার ধারণ করছে




## ক্লিয়ার ইংক বা কলমের কালি মুছে ফেলা

এই আইকনে চাপ দিলে বোর্ড-এ কলম টুল ব্যবহার করে যা যা করা হয়েছে তা সব মুছে যাবে। তবে এই টুলটি টেক্সট পেন, সেইপ রিকগনিশন পেন এবং ম্যাজিক পেন এর ক্ষেত্রে কার্যকর নয়।


## শেপ টুল

এই টুলে চাপ দিলে কিছু জ্যামিতিক আকৃতির ছোট ছোট আইকন দেখা যাবে। যেই আকৃতিটি আঁকার প্রয়োজন সেই আকৃতির আইকনে চাপ দিয়ে সেটি সিলেক্ট করে নিয়ে নোটবুক ফাইলে কোনাকুনি টানলেই সেই আকৃতিটি বোর্ড-এ অংকিত হয়ে যাবে।



## রেগুলার পলিগন

এই টুলে চাপ দিলে আরও কিছু জ্যামিতিক আকৃতির ছোট আইকন দেখা যাবে। যেই আকৃতিটি আঁকার প্রয়োজন সেই আকৃতির আইকনে চাপ দিয়ে সেটি সিলেক্ট করে নিয়ে নোটবুক ফাইলে কোনাকুনি টানলেই সেই আকৃতিটি বোর্ড-এ অংকিত হয়ে যাবে।






## ফিল টুল

এই টুল ব্যবহার করে যেকোনো জ্যামিতিক আকৃতির ভিতরটা রং দিয়ে পরিপূর্ণ করে দেয়া যাবে।




## টেক্সট টুল বা টাইপিং টুল

এই টুল ব্যবহার করে বোর্ড-এ সরাসরি কী-বোর্ড ব্যবহার করে টাইপ করা যাবে। টুল বার থেকে আইকনটিতে চাপ দিয়ে সেটি সিলেক্ট করে নিতে হবে। এরপর বোর্ড এর ঠিক যেই খানটায় টাইপিং শুরু করতে চান সেইখানে ক্লিক করতে হবে। ক্লিক করার পর বোর্ড-এ একটি বক্স দেখা যাবে। এরপর কী-বোর্ড ব্যবহার করে টাইপিং শুরু করা যাবে।




## লাইন টুল

এই আইকনে চাপ দিলে ডান পাশে বিভিন্ন ধরনের রেখাচিত্র দেখা যাবে। সেইখান থেকে প্রয়োজন অনুযায়ী লাইন টুল সিলেক্ট করে ব্যাবহার করা যাবে।




## ইরেজার টুল


এই টুল ব্যবহার করে পেন টুল তালিকায় প্রাপ্ত টুল গুলির মধ্যে পেন, কালিগ্রাফিক পেন, হাইলাইটার, ক্রেয়ন, পেইন্ট ব্রাশ ও ক্রিয়েটিভ পেন কর্তৃক লিখিত বা অংকিত কোন কিছু মুছে ফেলা যাবে। ইরেজার টুলটি তিনটি আকারে দেয়া আছে। প্রয়োজন বা চাহিদা অনুযায়ী যেকোনোটি ব্যবহার করা যাবে।



## প্রপার্টি টুল বার


সাধারণত টুলস প্যানেলের যে কোন একটি টুল নির্বাচন করলে তার পাশে এই অপশন গুলি এসে থাকে। এই অপশন গুলি থেকে ওই নির্দিষ্ট টুলের রঙ, ধরন এবং স্বচ্ছতা বাছাই করা যাবে।





## কার্সর বা সিলেক্ট টুল


এই টুল ব্যবহার করে নোটবুক ফাইলের যেকোনো লিখা বা অংকিত কোন বস্তুকে সিলেক্ট করা যাবে। এবং এর নিচের ডান দিকের গোল আইকনটি ধরে কোনাকুনি টান দিয়ে সিলেক্ট করা জিনিসটিকে বড় বা ছোট করা যাবে। আবার উপরের সবুজ আইকনটি ধরে ঘুরালে ওই জিনিসটি স্বঅবস্থানে থেকে ঘুরবে। আর উপরে ডান কোনার মেনু আইকনটিতে চাপ দিলে অনেক গুলো অপশন চলে আসবে। সেইখান থেকে প্রয়োজন অনুযায়ী অপশনটি ব্যবহার করা যাবে। নীচে স্বচিত্র উদাহরণ দেয়া হল।







## স্ক্রীন ক্যাপচার বা ক্যামেরা টুল

এই টুল ব্যবহার করে স্ক্রীন-এ প্রদর্শিত যেকোনো ছবি বা অংকন থেকে নির্দিষ্ট কোন অংশের ছবি তুলে পরবর্তী পেইজে নিয়ে যাওয়া যাবে। টুল বারে প্রদর্শিত আইকনে চাপ দিলে চারটি আইকনসহ একটি ছোট উইন্ডো আসবে। সেখান থেকে প্রথম বা চার নং আইকন বা ক্যামেরা টুল দিয়ে ছবি তোলা বেশি কার্যকর। প্রথম আইকনটি বেছে নিলে তা দিয়ে একটি চতুর্ভুজ আকৃতির মত করে ছবি তোলা যাবে। আর চার নং আইকনটি দিয়ে ইচ্ছেমত হাত ঘুরিয়ে আঁকাবাঁকা অংশ সিলেক্ট করে ছবি তোলা যাবে। মনে রাখতে ছবিটি সর্বদা ঠিক পরের পেইজে উঠবে।





## স্মার্ট রেকর্ডার বা ভিডিও রেকর্ডার

এই টুল ব্যবহার করে ডিজিটাল বোর্ড-এ করা যেকোনো কাজ ভিডিও চিত্র আকারে ধারন করে রাখা যায়।চাইলে এর পাশাপাশি শিক্ষকের কণ্ঠস্বরও রেকর্ড করে রাখা যায়। রেকর্ডার আইকনটিতে চাপ দিলে আর একটি ছোট উইন্ডো আসবে। সেই উইন্ডোর লাল বাটন-এ চাপ দিলেই রেকর্ডিং শুরু হয়ে যাবে। রেকর্ডিং এর কাজ শেষ হয়ে গেলে স্টপ বাটনে চাপ দিতে হবে। এরপর একটি উইন্ডো আপনার সামনে আসবে যেইখান থেকে আপানকে নির্ধারণ করতে হবে যে আপনি সেই ভিডিওটি কোথায় সেভ করতে চান। ফাইলের একটি নাম দিয়ে সেভ বাটনে চাপ দিলেই কিছু সময় নিয়ে ভিডিওটি সেভ হয়ে যাবে। এখন আপনি আপনার প্রয়োজন অনুযায়ী যখন দরকার এবং যতবার দরকার প্লে করে দেখতে বা দেখাতে পারবেন।



## টেবিল বা ছক

এই টুল ব্যবহার করে ডিজিটাল বোর্ড-এ ছক এনে তাতে কাজ করা যায়। ছক বোর্ড-এ আনতে চাইলে প্রথমে টেবিল আইকনটিতে চাপ দিতে হবে। এরপর যে কয়টি ছক বা ঘর প্রয়োজন নির্বাচন করে দিলেই সেটি বোর্ড-এ চলে আসবে। চাইলে 'Custom Table' অপশন থেকে কয়টি সারি এবং কয়টি স্তম্ভ প্রয়োজন তা লিখে দিয়েও ছক আঁকা যাবে। পেন টুল ব্যবহার করে ছকের  ভিতর লিখা যাবে অথবা বাহিরে লিখা কোন কিছু বা কোন ছবি কার্সর টুল ব্যবহার করে ছকের ভিতর এনে বসিয়ে দেয়া যাবে।



## মেজারমেন্ট টুল বা জ্যামেতিক টুল

এই টুলে চাপ দিলে চারটি জ্যামেতিক টুলের অপশন আসে। এর মধ্য থেকে প্রয়োজনীয় টুলটিতে চাপ দিলেই তা বোর্ড-এ চলে আসবে। টুল চারটি হচ্ছে স্কেল, চাঁদা, ত্রিকোনি ও কাঁটা কম্পাস। নীচে এই টুল গুলোর স্বচিত্র ব্যবহার বর্ণনা করা হল।





## স্কেল


মেজারমেন্ট টুল থেকে স্কেল অপশন-এ চাপ দিলে বোর্ড-এ নীচে দেয়া স্কেলের মত একটি স্কেল আসবে।




- স্কেলটিকে বোর্ড-এর যেকোনো স্থানে বসাতে চাইলে এর মাঝামাঝি অংশটি (গাঁড় নীল রং-এর অংশে) চাপ দিয়ে সরানো যাবে।
- স্কেলটিকে বড় করতে চাইলে প্রথমে স্কেলটিকে সিলেক্ট করে নিতে হবে। এরপর নিচে ডান দিকের গোল আইকনটিতে ধরে স্কেলটি বড় বা ছোট করা যাবে।
- স্কেলটির একক বাড়াতে চাইলে বা লম্বা করতে চাইলে একদম ডান দিকে (অপেক্ষাকৃত হালকা নীল রঙের অংশে) চাপ দিয়ে ধরে ডান দিকে টান দিলেই তা লম্বা হবে। একিই ভাবে বামে টেনে সেটিকে ছোটও করা যাবে।
- স্কেলটি ঘুরাতে চাইলে উপরে বা নিচের অংশে (হালকা নীল রঙের অংশে)চাপ দিয়ে ধরে ঘুরানো যাবে। মনে রাখতে হবে স্কেলটি সর্বদা তার শূন্য (উপরের ০-কে) দাগকে কেন্দ্র মেনে ঘুরতে থাকবে।
- স্কেলটি বোর্ড থেকে সরিয়ে দিতে চাইলে ডান দিকের মেনু আইকনে চাপ দিয়ে যে অপশন গুলো আসবে তার মধ্য থেকে 'Delete' লিখা  জায়গায় চাপ দিলে স্কেলটি বোর্ড থেকে চলে  যাবে।
- এরপর পেন বা কলম নির্বাচন করে স্কেল ঘেঁষে টান দিলেই সোজা দাগ টানা হয়ে যাবে।

## চাঁদা

মেজারমেন্ট টুল থেকে চাঁদা অপশন-এ চাপ দিলে বোর্ড-এ নীচে দেয়া চাঁদার মত একটি চাঁদা আসবে।



- চাঁদাটিকে বোর্ড-এর যেকোনো স্থানে বসাতে চাইলে এর মাঝখানটায় ধরে সরাতে হবে।
- চাঁদাটিকে বড় বা ছোট করতে চাইলে প্রথম নম্বর লিখা ঘর বরাবর ধরে টান দিলেই তা বড় বা ছোট করা যাবে।
- চাঁদাটিকে ঘুরাতে চাইলে একদম বাইরের নম্বর লিখা হালকা নীল রঙের অংশে ধরে ঘুরালেই সেটি ঘুরতে থাকবে।
- চাঁদা দিয়ে কোন নির্দিষ্ট মাপের কোন আঁকতে চাইলে প্রতমে কার্সর টুল নির্বাচন করে নিতে হবে। এরপর চাঁদার উপর চাপ দিলে একটি সবুজ রঙের ছোট বৃত্ত ও একটি তীর চিহ্ন আসবে। যত ডিগ্রি কোন আঁকতে চান সবুজ গোলাকার অংশটিকে তত ডিগ্রিতে নিয়ে সেট করুন। এরপর তীর চিহ্নতে চাপ দিলেই বোর্ড-এ ঐ কোনটি পরিমাপ সহ চলে আসবে।




- চাঁদাটি বোর্ড থেকে সরিয়ে দিতে চাইলে মাঝখানের মেনু আইকনে চাপ দেয়ার পর যে অপশন গুলো আসবে তার মধ্য থেকে 'Delete' লিখা অংশে চাপ দিলেই সেটি বোর্ড থেকে সরে যাবে।



## কম্পাস

মেজারমেন্ট টুল থেকে কম্পাস অপশন-এ চাপ দিলে বোর্ড-এ একটি কম্পাস চলে আসবে। এরপর নীচে দেখানো প্রক্রিয়ায় বৃত্ত অংকন করা যাবে।



- কম্পাসটি বোর্ড-এর যেকোনোখানে বসাতে চাইলে বা পছন্দ মত জায়গায় সরাতে চাইলে এর কাঁটাযুক্ত বাহুতে ধরে বা উপরের গাড় অংশ ধরে সরানো যাবে।
- যেই বাহুর সাথে পেন্সিল যুক্ত করা আছে সেই বাহুতে ধরে দুই বাহুর মাঝে দূরত্ব স্থাপন করা যাবে অর্থাৎ যেকোন দৈর্ঘ্য নেয়া যাবে।
- এরপর পেন্সিলটিকে ধরে ঘুরালেই সাধারন কম্পাসের মত এইটি দিয়েও বোর্ড-এ একটি বৃত্ত অংকন করা যাবে।
- আর যদি উপরের সবুজ গোলাকার অংশ ধরে ঘুরানো হয় তবে কম্পাসটি শুধুই ঘুরবে কোন দাগ বা বৃত্ত অংকিত হবে না।
- কম্পাসটি বোর্ড থেকে সরাতে চাইলে মেনু আইকনে চাপ দেয়ার পর যে অপশন গুলো আসবে তার মধ্য থেকে 'Delete' লিখা অংশে চাপ দিলেই সেটি বোর্ড থেকে সরে যাবে।

>>>>>>>>>>>>>X<<<<<<<<<<<<<

# ধন্যবাদ

প্রশিক্ষণ ও কারিগরি সহযগিতায়ঃ

কোর নলেজ লিমিটেড

যোগাযোগ: ০১৬১৬৩০৩২০৪, ০১৫৫৭৬৯৪৭৮০